# উপনিবেশবাদের পতন

# Termination of Colonial Rule

## ব্রিটিশ উপনিবেশবাদের পতন

বিশ শতকের প্রথমদিকে ব্রিটেন পৃথিবীর সবচেয়ে বৃহৎ সাম্রাজ্যের অধিকারী ছিল। বিশ্বের মোট ঔপনিবেশিক অঞ্চলের শতকরা প্রায় ৪৫ ভাগ ছিল দেশটির দখলে। উপনিবেশগুলিই ছিল তার শক্তি ও সমৃদ্ধির প্রধান উৎস। প্রথম মহাযুদ্ধের পর দেশটির অবক্ষয় শুরু হয় এবং দ্বিতীয় মহাযুদ্ধের পর তার পতন ঘটে। একে একে হাত ছাড়া হতে থাকে উপনিবেশগুলো।

ব্রিটেনের উল্লেখযোগ্য উপনিবেশগুলোর স্বাধীনতা সংগ্রামের ঘটনাপঞ্জি -

**পাকিস্তান** ১৯৪৭ সালের ১৪ আগস্ট স্বাধীনতা লাভ করে।

**ভারত** ১৯৪৭ সালের ১৫ আগস্ট স্বাধীনতা লাভ করে। ১৫ আগস্ট - ভারতের স্বাধীনতা দিবস। ১৯৫০ সালের ২৬ জানুয়ারি ভারতের প্রথম সংবিধান কার্যকর হলে দেশটি প্রজাতন্ত্রে পরিণত হয়। ২৬ জানুয়ারি - ভারতের 'প্রজাতন্ত্র দিবস'।

**শ্রীলঙ্কা** ১৯৪৮ সালে 'সিলন' নামে স্বাধীনতা পায়। ১৯৭২ সালে দেশটির নাম পরিবর্তন করে শ্রীলঙ্কা করা হয়।

**মিয়ানমার** ১৯৪৮ সালে 'বার্মা' নামে স্বাধীনতা অর্জন করে। ১৯৮৯ সালে দেশটির নাম পরিবর্তন করে মিয়ানমার করা হয়।

**ঘানা** ১৯৫৭ সালে ব্রিটিশ উপনিবেশ গোল্ডকোস্ট ও পশ্চিমাঞ্চলীয় টগোল্যান্ড 'ঘানা' নাম ধারণ করে স্বাধীনতা অর্জন করে। স্বাধীনতা আন্দোলনের স্থপতি ছিলেন ড. কোয়ামে নক্রুমা। তিনি ছিলেন ঘানার প্রথম রাষ্ট্রপতি।

**মালয়েশিয়া** ১৯৫৭ সালে টেংকু আব্দুর রহমানের নেতৃত্বে স্বাধীনতা অর্জন করে। তিনি ছিলেন দেশটির প্রথম প্রধানমন্ত্রী।

**সিঙ্গাপুর** ১৯৫৯ সালে লি কুয়ানের নেতৃত্বে অভ্যন্তরীণ স্বশাসনক্ষমতা অর্জনের মাধ্যমে ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের জোয়ালমুক্ত হয়। ১৯৬৩ সালে মালয়েশিয়া ফেডারেশনে যোগ দেয় সিঙ্গাপুর কিন্তু ফেডারেল সরকারের সঙ্গে ক্ষমতার ভাগাভাগি প্রশ্নে লি কুয়ানের অতিরিক্ত দর-কষাকষিতে রুষ্ট হয়ে ২ বছরের মধ্যে তৎকালীন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী টেংকু আব্দুর রহমান পার্লামেন্টে সিদ্ধান্ত নিয়ে সিঙ্গাপুরকে মালয়েশিয়া থেকে বের করে দেন। বাধ্য হয়ে ১৯৬৫ সালে সিঙ্গাপুর মালয়েশিয়া থেকে পৃথক হয়ে স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন লি কুয়ান ইউ। তাঁর সুযোগ্য নেতৃত্বে দুই যুগের মধ্যেই তৃতীয় বিশ্বের দেশটি প্রথম বিশ্বের দেশে পরিণত হয়। লি কুয়ানের আত্মজীবনীমূলক গ্রন্থ *"From third world to first"*।

**তানজানিয়া** ১৯৬১ সালে ব্রিটিশ উপনিবেশ 'ট্যাঙ্গানিকা' স্বাধীনতা অর্জন করে। ১৯৬৩ সালে আরেক ব্রিটিশ কলোনি 'জাঞ্জিবার দ্বীপপুঞ্জ' স্বাধীনতা লাভ করে। ১৯৬৪ সালে ট্যাঙ্গানিকা ও জাঞ্জিবার দ্বীপপুঞ্জ একীভূত হয়ে তানজানিয়া নাম ধারণ করে। স্বাধীনতা আন্দোলনের নেতা ছিলেন জুলিয়াস নিরেরে।

**উগান্ডা** ১৯৬২ সালে স্বাধীনতা লাভ করে।

**কেনিয়া** মাউ মাউ বিপ্লব (১৯৫২ - ৬০ খ্রি.) এর ফলশ্রুতিতে ১৯৬৩ সালে স্বাধীনতা লাভ করে।

**জিম্বাবুয়ের** ১৯৮০ সালে ব্রিটিশ কলোনি 'দক্ষিণ রোডেশিয়া' স্বাধীন জিম্বাবুয়ে নামে আত্মপ্রকাশ করে। শ্বেতাঙ্গ শাসনের বিরুদ্ধে স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব দেন রবার্ট মুগাবে। স্বাধীনতার পর থেকে দীর্ঘ টানা ৩৭ বছর জিম্বাবুয়ে শাসন করেন রবার্ট মুগাবে। সময়ের পরিক্রমায় জাতীয় বীর থেকে একজন ক্ষমতালোভী দুর্নীতিপরায়ণ শাসকে পরিণত হন তিনি। অনিয়ম-দুর্নীতি এবং সাদা-কালোর দ্বন্দ্বে বিধ্বস্ত হয়ে পড়ে দেশটির অর্থনীতি। উচ্চ মুদ্রাস্ফীতির কারণে জিম্বাবুয়ের ডলার কার্যত মূল্যহীন হয়ে পড়ে। একটা সময় অবস্থা সামাল দিতে মিলিয়ন, বিলিয়ন, ট্রিলিয়ন ডলারের নোট ছাপাতে শুরু করে সরকার। এতে আরও অর্থনৈতিক ফাঁদে পড়ে জিম্বাবুয়ে। তবে আশার কথা হলো, ২০১৭ সালে মুগাবের পতনের পর জিম্বাবুয়ে আবার ঘুরে দাঁড়াতে শুরু করেছে।

**হংকং** ১৯৯৭ সালের ১ জুলাই ব্রিটেন গণচীনের কাছে হংকং এর নিয়ন্ত্রণ হস্তান্তর করে এবং সেই থেকে অঞ্চলটি 'এক দেশ, দুই ব্যবস্থা' (One Country, Two System) অনুসারে চীনের অধীনেই রয়েছে। হংকং এর অর্থনীতি তাই এখনো পুঁজিবাদী যেখানে সমগ্র চীন অনুসরণ করে কমিউনিজম। এই ব্যবস্থার মেয়াদ ৫০ বছর অর্থাৎ ২০৪৭ সাল পর্যন্ত এই ব্যবস্থা চালু থাকবে। হংকং

Scanned with CamScanner

১৮৪২ থেকে ১৯৯৭ সাল পর্যন্ত দীর্ঘ ১৫৬ বছর ব্রিটিশ উপনিবেশ ছিল। ১৮৪২ সালে সম্পাদিত 'নানকিং চুক্তি'র মাধ্যমে হংকং দ্বীপটি ব্রিটিশ কলোনিতে পরিণত হয়।

চা এর আদিবাস হলো চীন। ব্রিটিশরা চীনা চা খুবই পছন্দ করত। উনিশ শতকে ব্রিটিশরা চীনে বাণিজ্য বিস্তারেও যথেষ্ট সফল হয়। কিন্তু চীন থেকে কেনা পণ্যের দাম মুদ্রা দিয়ে মেটাতে রাজি ছিল না ব্রিটিশরা। তাই তারা ভারতীয় আফিম চীনা বাজারে রপ্তানি শুরু করে এবং চৈনিক সমাজকে জোর আফিম সেবনে বাধ্য করে। বাধ্য হয়ে চীনা সামন্তশাসক আফিম ব্যবসাকে নিয়ন্ত্রণ করতে অগ্রসর হয়। এতে ব্রিটিশরা ক্রুদ্ধ হয় এবং শুরু হয় প্রথম আফিম বা প্রথম ইঙ্গ-চীন যুদ্ধ (১৮৩৯ -৪২ খ্রি.)। যুদ্ধে হেরে যায় চীনারা। হংকং দ্বীপটি ব্রিটিশ কলোনিতে পরিণত হয় এবং ব্রিটিশরা পুরো চীনে ব্যবসা করার অনুমতি লাভ করে। এভাবে প্রায় আধাশতক চলে যাওয়ার পর ১৮৯৮ সালে চীন ও ব্রিটেন সরকার আরেকটি সমঝোতায় আসে। ব্রিটেনকে ৯৯ বছরের জন্য হংকং ইজারা দেয় চীন।

বার্বাডোস — ১৯৬৬ সালে ব্রিটেনের নিকট হতে সার্বভৌমত্ব পায়। ২০২১ সালের ৩০ নভেম্বর ব্রিটিশ উপনিবেশ ছেড়ে সম্পূর্ণরূপে বেরিয়ে গিয়ে প্রজাতন্ত্র হিসেবে আত্মপ্রকাশ করে।

## British Overseas Territories (BOTs)

১৪টি অঞ্চল নিয়ে গঠিত। অঞ্চলগুলি সাবেক ব্রিটিশ সাম্রাজ্যের শেষ অবশিষ্টাংশ কিন্তু যুক্তরাজ্যের অংশ নয়। ব্রিটিশ রাজা/রানি সাংবিধানিক প্রধান হিসাবে দায়িত্ব পালন করেন। স্ব-শাসিত অঞ্চলগুলির শুধু প্রতিরক্ষা এবং বৈদেশিক সম্পর্ক বিভাগ যুক্তরাজ্য ওপর ন্যস্ত। যেমন-

- *ফকল্যান্ড দ্বীপপুঞ্জ:* ১৯৮২ সালে আর্জেন্টিনা 'ফকল্যান্ড দ্বীপপুঞ্জ' দখলে নিলে তিনি ব্রিটিশ রয়্যাল নেভির সদস্যদের প্রতি-আক্রমণের নির্দেশ দেন। আর্জেন্টিনা শোচনীয়ভাবে পরাজিত হয় এবং দ্বীপপুঞ্জের ওপর ব্রিটিশ কর্তৃত্ব পুনঃপ্রতিষ্ঠিত হয়।




- *দিয়াগো গার্সিয়া:* ভারত মহাসাগরের একটি দ্বীপ।
- *কেইম্যান দ্বীপপুঞ্জ (Cayman Island):* ক্যারিবিয়ান সাগরে অবস্থিত। অফ-শোর (Offshore) ব্যাংকিং এর জন্য সুপরিচিত।
- *জিব্রাল্টার*
- *সেন্ট হেলেনা*

## MCQ Solution

১. **ভারতের স্বাধীনতা দিবস-** [জবি (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ): ০৯-১০]
ক) ১৯৪৭ সালের ১৫ আগস্ট
খ) ১৯৪৭ সালের ১৪ আগস্ট
গ) ১৯৪৮ সালের ১৪ আগস্ট
ঘ) ১৯৪৮ সালের ১৫ আগস্ট
উত্তর: ক

২. **ভারত কবে প্রজাতন্ত্রে পরিণত হয়?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ক) ১৫ আগস্ট, ১৯৪৭
খ) ২৬ জানুয়ারি, ১৯৫০
গ) ২৫ জানুয়ারি, ১৯৪৯
ঘ) ২৬ জানুয়ারি, ১৯৫১
উত্তর: খ

৩. **ভারতের প্রজাতান্ত্রিক দিবস কোনটি?** [ত্রয়োদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন স্কুল পর্যায়-২: ১৬]
ক) ২৬ জানুয়ারি খ) ১৫ আগস্ট
গ) ১৪ আগস্ট ঘ) ১৬ ডিসেম্বর
উত্তর: ক

৪. **শ্রীলঙ্কা স্বাধীনতা লাভ করে নিম্নের কত সালে?** [গৃহ অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১০]
ক) ১৯৪৮ খ) ১৯৪৭
গ) ১৯৪৯
উত্তর: ক

৫. **What was the former name of Sri Lanka?** [Karmasangsthan Bank Asst. Officer: 12]
ⓐ Cylone ⓑ Ceylon
ⓒ Shin Hal ⓓ Sealon
Ans. b

৬. **মিয়ানমার কত সালে ব্রিটিশ শাসন হতে স্বাধীনতা লাভ করে?** [রাবি (ই ইউনিট): ১৭-১৮]
ক) ১৯৪২ খ) ১৯৩৫
গ) ১৯৪৮ ঘ) ১৯৪৭
উত্তর: গ

৭. **বার্মার নাম নিচের কোন সালে মায়ানমার করা হয়?** [গৃহ অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১০]
ক) ১৯৯০ খ) ১৯৮৯ গ) ১৯৮৮
উত্তর: খ

৮. **মালয়েশিয়া কোন দেশের উপনিবেশ ছিল?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী : ১৮]
ক) ব্রিটেন খ) পর্তুগাল
গ) ফ্রান্স ঘ) যুক্তরাষ্ট্র
উত্তর: ক

৯. **ব্রিটেনের নিকট হতে মালয়েশিয়া কত সালে স্বাধীনতা লাভ করে?** [উপজেলা ও থানা শিক্ষা অফিসার: ০৫]
ক) ১৯৫০ সালে খ) ১৯৫৭ সালে
গ) ১৯৬০ সালে ঘ) ১৯৬৩ সালে
উত্তর: খ

Scanned with CamScanner

১০. মালয়েশিয়ার প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ব্রিজ): ১৮]
ⓚ আব্দুল্লাহ আহমদ বাদাবি
ⓚ মাহাথির বিন মোহাম্মদ
ⓖ টেংকু আব্দুর রহমান পুত্র আল হাজ
ⓖ টুন আব্দুল রাজ্জাক আল হোসেন **উত্তর: গ**

১১. Singapore was the colony of - / সিঙ্গাপুর কোন দেশের উপনিবেশ ছিল? [RAKUB Senior Officer: 10]
ⓐ Malaysia ⓑ UK
ⓒ USA ⓓ Italy **Ans. b**

১২. কবে মালয়েশিয়া যুক্তরাষ্ট্র গঠন হয়েছিল? [তথ্য মন্ত্রণালয়ে তথ্য অফিসার: ০৫]
ⓚ ১৯৬১ সালে ⓚ ১৯৬৩ সালে
ⓖ ১৯৬৪ সালে ⓖ ১৯৬৫ সালে **উত্তর: খ**

১৩. ১৯৬৫ সালে স্বাধীনতা লাভের আগে সিঙ্গাপুর কোন দেশের অংশ ছিল? [ঢাবি (ঘ ইউনিট): ২০-২১]
ⓚ ইন্দোনেশিয়া ⓚ মালয়েশিয়া
ⓖ কম্বোডিয়া ⓖ চীন **উত্তর: খ**

১৪. আধুনিক সিঙ্গাপুরের জনক বলা হয় কাকে? [IBBL সহকারী ট্রেইনি অফিসার: ১৭]
ⓚ লি কুয়ান ইউ ⓚ ডেবিট বেন গুয়েরিন
ⓖ ড. ড্যানিয়েল টিমস ⓖ লি শিয়েন লুং **উত্তর: ক**

১৫. 'From Third World to First' - এই আত্মজীবনীমূলক (Autobiography) গ্রন্থের রচয়িতা - [ঢাবি'র কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট: ২৩-২৪]
ⓚ লি কুয়ান ইউ ⓚ এ.পি.জে. আবদুল কালাম
ⓖ মাহাথির মোহাম্মদ ⓖ অমর্ত্য সেন **উত্তর: ক**

১৬. 'নক্রুমা' কোন দেশের স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব দেন? [চবি (ডি ইউনিট): ০৪-০৫]
ⓚ ঘানা ⓚ নাইজেরিয়া
ⓖ তানজানিয়া ⓖ মরক্কো **উত্তর: ক**

১৭. নক্রুমা কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন? [২৩তম বিসিএস]
ⓚ নাইজেরিয়া ⓚ কঙ্গো
ⓖ আবিসিনিয়া ⓖ ঘানা **উত্তর: ঘ**

১৮. গোল্ড কোস্ট কোন দেশের পুরাতন নাম? [BREB এর সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন): ১৭]
ⓚ বেনিন ⓚ ঘানা
ⓖ নাইজেরিয়া ⓖ মিশর **উত্তর: খ**

১৯. জুলিয়াস নায়ারে কোন দেশের স্বাধীনতা আন্দোলনের নেতা? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৯]
ⓚ যুগোশ্লাভিয়া ⓚ মায়ানমার
ⓖ তাঞ্জানিয়া ⓖ লাটভিয়া **উত্তর: গ**

২০. উগান্ডা কবে স্বাধীনতা অর্জন করে? [চবি (সি ইউনিট): ১৫-১৬]
ⓚ ১৯৬২ সালে ⓚ ১৯৬৩ সালে
ⓖ ১৯৬০ সালে ⓖ ১৯৬১ সালে **উত্তর: ক**

২১. In which country the Mau Mau Uprising (1952-60) occurred? [Sonali & Janata Bank Senior Officer (IT): 18]
ⓐ Uganda ⓑ Rwanda
ⓒ Kenya ⓓ Nigeria **Ans. c**

২২. জিম্বাবুয়ে কত সালে স্বাধীনতা লাভ করে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার: ০৬]
ⓚ ১৯৭৮ ⓚ ১৯৭৯
ⓖ ১৯৮০ ⓖ ১৯৮১ **উত্তর: গ**

২৩. জিম্বাবুয়েকে আগে কি নামে ডাকা হতো? [UBL প্রবেশনারী অফিসার: ২১]
ⓚ দক্ষিণ রোডেশিয়া ⓚ উত্তর রোডেশিয়া
ⓖ আপার ভোল্টা ⓖ নিয়াসিল্যান্ড **উত্তর: ক**

২৪. কোন দেশ Million টাকার নোট ব্যবহার করে? [রাবি (ই ইউনিট): ১৭-১৮]
ⓚ ইতালি ⓚ ফ্রান্স
ⓖ জিম্বাবুয়ে ⓖ সুদান **উত্তর: গ**

২৫. চীনের "দ্বৈত অর্থনীতির" ধারণা প্রধানত কোন বাস্তবতার নিরীখে গৃহীত? [২০তম বিসিএস]
ⓚ বাজার অর্থনীতিকে গ্রহণযোগ্য করা
ⓚ মতাদর্শগত ধারণার সমন্বয় সাধন
ⓖ হংকং এর অর্থনীতিকে সচল রাখা
ⓖ তাইওয়ানকে চীনের অন্তর্ভুক্তিকরণ **উত্তর: গ**

২৬. First China War was fought between — / প্রথম চীন যুদ্ধে কোন দুই প্রতিপক্ষের মধ্যে সংগঠিত হয়– [Janata Bank Ltd. Executive Officer (Teller): 15]
ⓐ China & France
ⓑ China & Britain
ⓒ China & Egypt
ⓓ China & Greek **Ans. b**

২৭. যে দুটো দেশের মধ্যে আফিম যুদ্ধ (Opium War) সংঘটিত হয়েছিল? [ঢাবি (ঘ ইউনিট): ১৭-১৮]
ⓚ চীন ও যুক্তরাজ্য ⓚ চীন ও মার্কিন যুক্তরাষ্ট্র
ⓖ চীন ও রাশিয়া ⓖ চীন ও ফ্রান্স **উত্তর: ক**

২৮. ব্রিটিশ কর্তৃক হংকং .....বছর শাসিত হয়েছিল? [রবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ⓚ ১৫০ বছর ⓚ ১০০ বছর
ⓖ ১৫৬ বছর ⓖ ২০০ বছর **উত্তর: গ**

২৯. কোন যুদ্ধের পরে হংকং-এ ব্রিটিশ শাসন প্রতিষ্ঠিত হয়? [ঢাবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ⓚ বক্সার যুদ্ধ ⓚ এট্রিশন যুদ্ধ
ⓖ আফিম যুদ্ধ ⓖ জল যুদ্ধ **উত্তর: গ**

৩০. কত সালে নানকিং চুক্তি স্বাক্ষরিত হয়েছিল, যে চুক্তির অধীনে হংকংকে ব্রিটিশ কলোনি হিসেবে ঘোষণা দেয়া হয়েছিল? [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ⓚ ১৮৩৯ ⓚ ১৮৪২
ⓖ ১৮৪৩ ⓖ ১৮৫৬ **উত্তর: খ**

Scanned with CamScanner

৩১. কত খ্রিষ্টাব্দে ইংল্যান্ড চীনের কাছ থেকে হংকং শহর লিজ গ্রহণ করে? [Sonali, Janata, Agrani & Rupali Senior Officer: 98]
ⓚ ১৬৯৮ ⓚ ১৭৯৮
ⓖ ১৮৯৮ ⓖ ১৯৪৪ উত্তর: গ

৩২. হংকং কোন সালে যুক্তরাজ্যের কর্তৃত্ব থেকে চীনের হাতে চলে আসে? [BPSC (পররাষ্ট্র মন্ত্রণালয়) এর সুপারিনটেনডেন্ট : ২৪]
ⓚ ১ জানুয়ারি, ১৯৯৭ ⓚ ১ মার্চ, ১৯৯৭
ⓖ ১ জুলাই, ১৯৯৭ ⓖ ১ সেপ্টেম্বর, ১৯৯৭ উত্তর: গ

৩৩. Hong Kong কোন দেশের উপনিবেশ ছিল? [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা এর কম্পিউটার অপারেটর: ২১]
ⓚ China ⓚ France
ⓖ USA ⓖ UK উত্তর: ঘ

৩৪. 'চা'- এর আদিবাস- [পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার: ১৪]
ⓚ ভারত ⓚ শ্রীলংকা
ⓖ চীন ⓖ জাপান উত্তর: গ

৩৫. ব্রিটিশ উপনিবেশ ছেড়ে বিশ্বের বুকে প্রজাতন্ত্র হিসেবে সর্বশেষ আত্মপ্রকাশ করেছে কোন দেশ? [খাদ্য অধিদপ্তরে সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ⓚ তাইওয়ান ⓚ আয়ারল্যান্ড
ⓖ হংকং ⓖ বার্বাডোস উত্তর: ঘ

৩৬. British Overseas Territories কয়টি এলাকা নিয়ে গঠিত? [জবি (সি ইউনিট): ১৯-২০]
ⓚ ১০টি ⓚ ১২টি
ⓖ ১৪টি ⓖ ১৬টি উত্তর: গ

৩৭. Which of the following is not a British overseas Territory? [NSI Assistant director : 25]
ⓐ Cayman Islands ⓑ New Caledonia
ⓒ Saint Helena ⓓ Gibraltar Ans. b

৩৮. ফকল্যান্ড কোন দেশের উপনিবেশ? [ঢাবি (খ ইউনিট): ০১-০২]
ⓚ স্পেন ⓚ আর্জেন্টিনা
ⓖ পর্তুগাল ⓖ ইংল্যান্ড উত্তর: ঘ

৩৯. আর্জেন্টিনা কত সালে ফকল্যান্ড দখল করে নিয়েছিল? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাজেট কর্মকর্তা : ০৬]
ⓚ ১৯৮১ সালে ⓚ ১৯৮২ সালে
ⓖ ১৯৮৫ সালে ⓖ ১৯৮৬ সালে উত্তর: খ

৪০. ইংল্যান্ড ও আর্জেন্টিনার মধ্যে 'ফকল্যান্ড' নিয়ে যুদ্ধ হয় কত সালে? [পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক (কারিগরি): ০৭]
ⓚ ১৯৮০ ⓚ ১৯৮১
ⓖ ১৯৮২ ⓖ ১৯৮৩ উত্তর: গ

৪১. "দিয়াগো গার্সিয়া" - [পিডিবি-এর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]
ⓚ একটি জঙ্গি সংগঠন
ⓚ ভারত মহাসাগরের একটি দ্বীপ
ⓖ প্রশান্ত মহাসাগরের একটি দ্বীপ
ⓖ ভারত-ভুটান সীমান্তের একটি দ্বীপ উত্তর: খ

৪২. 'দিয়াগো গার্সিয়া' কোন দেশের অধীনে? [রাষ্ট্রপতির কার্যালয় সহকারী প্রটোকল অফিসার: ২৪]
ⓚ অস্ট্রেলিয়া ⓚ নিউজিল্যান্ড
ⓖ যুক্তরাজ্য ⓖ যুক্তরাষ্ট্র উত্তর: গ

৪৩. Which of the following is a place offshore banking? [IFIC Bank Ltd. Transaction Service Officer: 19] *Or,*
নিম্নের কোন স্থানটি 'অফ-শোর' (Offshore) ব্যাংকিং নামে পরিচিত? [BRDB এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৯]
ⓐ Germany ⓑ Cayman Island
ⓒ India ⓓ Israel Ans. b

৪৪. Cayman Islands are located in - [JU (C Unit) : 15-16]
ⓐ Micronesia ⓑ Caribbean Sea
ⓒ Mediterranean ⓓ Polynesia Ans. b

## ফ্রান্স

ঔপনিবেশিক শক্তিগুলোর মধ্যে ব্রিটেনের পরেই অবস্থান ছিল ফ্রান্সের। প্রথম ও দ্বিতীয় মহাযুদ্ধে ফ্রান্স ব্রিটেনের চেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়। ফরাসি উপনিবেশ লেবানন ১৯৪৩ সালে থেকে স্বাধীনতা অর্জন করে।

ফরাসিরা ভিয়েতনাম, কম্বোডিয়া ও লাওসকে সংযুক্ত করে ইন্দোচীন ইউনিয়ন বা ফরাসি ইন্দোচীন গঠন করে। ভিয়েতনামিজরা প্রথম ইন্দোচীন যুদ্ধে (১৯৪৬ - ৫৪ খ্রি.) লড়াই করে ফ্রান্সের ঔপনিবেশিক শাসন থেকে মুক্তি লাভ করে। ভিয়েতনামের স্বাধীনতা সংগ্রামের পুরোধা ছিলেন হো চি মিন। তিনি আঙ্কেল হো নামেও পরিচিত। তিনি ছিলেন একজন কমিউনিস্ট বিপ্লবী নেতা।


*হো চি মিন*

১৯৫৩ সালে কম্বোডিয়া ও লাওস (Lao People's Democratic Republic) স্বাধীনতা লাভ করে। ষাটের দশকে ফ্রান্সের আফ্রিকান উপনিবেশগুলো স্বাধীনতা অর্জন করতে থাকে।

১৯৬০ সেনেগাল, কঙ্গো প্রজাতন্ত্র, চাদ, গ্যাবন, বেনিন, বারকিনো ফাসো, নাইজার, মালি এবং মাদাগাস্কার ফ্রান্সের নিকট থেকে স্বাধীনতা লাভ করে। ফ্রান্সের ঔপনিবেশিক শাসন থেকে স্বাধীনতাপ্রাপ্ত এ সকল দেশের রাষ্ট্রভাষা ফ্রেঞ্চ।

১৯৬২ আলজেরিয়া স্বাধীনতা লাভ করে। আলজেরিয়া স্বাধীনতা সংগ্রামের নেতৃত্ব দেন আহমেদ বেন বেল্লা।

## MCQ Solution

১. লেবানন কোন দেশের কাছ থেকে স্বাধীনতা লাভ করে? [২৬তম বিসিএস]
ⓚ ব্রিটেন ⓚ ফ্রান্স
ⓖ তুরস্ক ⓖ স্পেন উত্তর: খ

Scanned with CamScanner

২. ইন্দোচীনের অন্তর্ভুক্ত নয় কোন দেশটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ): ০৭]
ⓚ লাওস ⓦ কম্বোডিয়া
ⓖ ভিয়েতনাম ⓖ জাপান **উত্তর: ঘ**

৩. হো চি মিন কে ছিলেন? [কাস্টম হাউস আইসিডি, ঢাকা'র সিপাহী : ২৩]
ⓚ উত্তর কোরিয়ার প্রেসিডেন্ট
ⓦ সংযুক্ত ভিয়েতনামের প্রথম প্রেসিডেন্ট
ⓖ ভিয়েতনাম কমিউনিস্ট পার্টির নেতা
ⓖ আগের কোনোটিই নয় **উত্তর: গ**

৪. হো চি মিন নামটি যে দেশের স্বাধীনতা সংগ্রামের সাথে জড়িত? [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]
ⓚ কিউবা ⓦ চীন
ⓖ ভিয়েতনাম ⓖ দক্ষিণ কোরিয়া **উত্তর: গ**

৫. লাওসের (Laos) সরকারি নাম কী? [৩৬তম বিসিএস]
ⓚ Lao People's Democratic Republic
ⓦ Democratic Republic of Laos
ⓖ Kingdom of Laos
ⓖ Republic of Laos **উত্তর: ক**

৬. সেনেগাল কোন দেশের উপনিবেশ ছিল? [ঢাবি (খ ইউনিট): ১০-১১]
ⓚ ব্রিটেন ⓦ ফ্রান্স
ⓖ কানাডা ⓖ রাশিয়া **উত্তর: খ**

৭. সেনেগালের রাষ্ট্রভাষা কি? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পুলিশ সহকারী রাসায়নিক: ০২]
ⓚ ফ্রেঞ্চ ⓦ ডাচ
ⓖ ইংরেজি ⓖ জার্মান **উত্তর: ক**

৮. ১৯৬২ সালে স্বাধীনতা লাভের পূর্বে আলজেরিয়া কোন ইউরোপীয় দেশের উপনিবেশ ছিল? [জবি: ০৮-০৯]
ⓚ ইতালি ⓦ ফ্রান্স
ⓖ স্পেন ⓖ যুক্তরাজ্য **উত্তর: খ**

৯. আহমেদ বেন বেল্লা কোন দেশের স্বাধীনতা সংগ্রামের নেতৃত্ব দিয়েছিলেন? [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার: ০৫]
ⓚ মরক্কো ⓦ ফিলিস্তিন
ⓖ মিশর ⓖ আলজেরিয়া **উত্তর: ঘ**

## পর্তুগাল

**অ্যাঙ্গোলা** ১৯৭৫ সালে স্বাধীনতা লাভ করে। স্বাধীনতার পর পরই কমুনিস্টপন্থী MPLA (People's Movement for the Liberation of Angola) এবং কমুনিস্ট বিরোধী গেরিলা সংগঠন UNITA (National Union for the Total Independence of Angola) এর মধ্যে রক্তক্ষয়ী গৃহযুদ্ধ শুরু হয়। ২০০২ সালে এক বন্দুকযুদ্ধে ইউনিটার প্রধানের মৃত্যু হলে দুই পক্ষ একটি অস্ত্রবিরতি চুক্তি স্বাক্ষর করে। এতে দীর্ঘ ২৭ বছরের গৃহযুদ্ধের অবসান হয়।

**মোজাম্বিক** ১৯৭৫ সালে স্বাধীনতা লাভ করে।

**পূর্ব তিমুর** ১৯৭৫ সালে পতুর্গিজ কলোনি 'পূর্ব তিমুর' স্বাধীনতা ঘোষণা করলে প্রতিবেশী ইন্দোনেশিয়া দ্বীপটি দখল করে নেয়। শুরু হয় স্বাধীনতাকামী দল ফ্রেটিলিনের নেতৃত্বে মুক্তিযুদ্ধ। ২০০২ সালে ইন্দোনেশিয়া হতে বিচ্ছিন্ন হয়ে একবিংশ শতাব্দীর প্রথম স্বাধীন দেশ হিসেবে আত্মপ্রকাশ করে পূর্ব তিমুর। প্রথম রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেন দেশটির স্বাধীনতা সংগ্রামের পুরোধা জানানা গুসামাও।

**ম্যাকাও** ১৯৯৯ সালে পতুর্গাল গণচীনের নিকট দক্ষিণ চীন সাগরের 'ম্যাকাও' দ্বীপের নিয়ন্ত্রণ হস্তান্তর করে। ম্যাকাও ছিল এশিয়া মহাদেশের সর্বশেষ ইউরোপীয় উপনিবেশ - যা প্রায় দীর্ঘ ৪৪২ বছর (১৫৫৭ - ১৯৯৯ খ্রি.) পতুর্গিজ ঔপনিবেশিক শাসনের অধীনে ছিল। বর্তমানে ম্যাকাও 'এক দেশ, দুই পদ্ধতি' তে পরিচালিত হয় - ২০৪৯ সাল পর্যন্ত এ পদ্ধতি চালু থাকবে।




পর্তুগালের ঔপনিবেশিক শাসন থেকে স্বাধীনতাপ্রাপ্ত দেশসমূহে (অ্যাঙ্গোলা, মোজাম্বিক, পূর্ব তিমুর প্রভৃতি) পর্তুগিজ ভাষা প্রচলিত আছে।

## MCQ Solution

১. স্বাধীনতার সময় অ্যাঙ্গোলা কোন দেশের উপনিবেশ ছিল? [উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫]
ⓚ ফ্রান্স ⓦ যুক্তরাজ্য
ⓖ ইতালি ⓖ পর্তুগাল **উত্তর: ঘ**

২. অ্যাঙ্গোলা স্বাধীনতা লাভ করে কত সালে? [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৬]
ⓚ ১৯৭৩ ⓦ ১৯৭৪
ⓖ ১৯৭৫ ⓖ ১৯৭৬ **উত্তর: গ**

Scanned with CamScanner

৩. 'ইউনিটা' কোন দেশের গেরিলা সংগঠন? [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৩]
ⓚ অ্যাঙ্গোলা ⓚ উগান্ডা
ⓖ মায়ানমার ⓖ পেরু উত্তর: ক

৪. ১৯৭৪ সালের আগে পূর্ব তিমুর কোন দেশের উপনিবেশ ছিল? [ঢাবি (খ ইউনিট): ০০-০১]
ⓚ ব্রিটেন ⓚ ফ্রান্স
ⓖ স্পেন ⓖ পর্তুগাল উত্তর: ঘ

৫. **East Timor was a colony of which country?** [Combined 7 Bank Officer (Cash) : 24]
ⓐ England ⓑ Netherlands
ⓒ France ⓓ Portugal **Ans. d**

৬. স্বাধীনতার পূর্বে পূর্ব তিমুর কোন দেশের অধীন ছিল? [সঞ্চয় পরিদপ্তর সহকারী পরিচালক: ০৭]
ⓚ পর্তুগাল ⓚ ইন্দোনেশিয়া
ⓖ মালয়েশিয়া ⓖ ফিলিপাইন উত্তর: খ

৮. পূর্ব তিমুর কবে স্বাধীনতা লাভ করে? [জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর হিসাব সহকারী: ২২]
উত্তর: ২০০২ সালে।

৯. **Which was the first sovereign state of the twenty first century?** [JU (F Unit): 15-16]
ⓐ Yugoslavia ⓑ Belarus
ⓒ East Timor ⓓ Tibet **Ans. c**

১০. এশিয়া মহাদেশের অন্তর্গত সর্বশেষ স্বাধীন দেশ কোনটি? [কোস্ট গার্ডের উপ-সহকারী প্রকৌশলী (পূর্ত): ২০]
ⓚ বাংলাদেশ ⓚ সিঙ্গাপুর
ⓖ পূর্ব তিমুর ⓖ তাইওয়ান উত্তর: গ

১১. পূর্ব তিমুরের স্বাধীনতার জন্য লড়াইকারী দল-- [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (গ্রেড-২): ০৩]
ⓚ তিমুর ফ্রিডম পার্টি ⓚ ইস্ট তিমুর ফ্রিডম পার্টি
ⓖ তিমুর ফ্রিডম অ্যালায়েন্স ⓖ ফ্রেটিলিন উত্তর: ঘ

১২. পূর্ব তিমুরের স্বাধীনতা সংগ্রামের নেতার নাম- [ঢাবি(খ ইউনিট) : ৯৯-০০]
ⓚ জানানা গুসামাও ⓚ আনোয়ার ইব্রাহিম
ⓖ আব্দুল ওয়াহিদ ⓖ সিতিভেনী রাবুকা উত্তর: ক

১৩. জানানা গুসামাও কোন দেশের রাষ্ট্রপতি ছিলেন? [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক: ০৪]
ⓚ ইন্দোনেশিয়া ⓚ মালয়েশিয়া
ⓖ ব্রুনাই ⓖ পূর্ব তিমুর উত্তর: ঘ

১৪. ম্যাকাও দ্বীপটি কোথায় অবস্থিত? [বাংলাদেশ রেলওয়ে সাব এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (নন ক্যাডার) : ২৪]
ⓚ আরব সাগর ⓚ দক্ষিণ চীন সাগর
ⓖ পীত সাগর ⓖ ভূমধ্যসাগর উত্তর: খ

১৫. 'ম্যাকাও' চীন সাগরে অবস্থিত দ্বীপ যা কিনা একটি ইউরোপীয় দেশের কলোনি। ঐ ইউরোপীয় দেশটি কি? [২০তম বিসিএস]
ⓚ নেদারল্যান্ড ⓚ স্পেন
ⓖ পর্তুগাল ⓖ ইউ. কে উত্তর: গ

১৬. ম্যাকাও কত সালে চীনের নিকট হস্তান্তর করা হয়? [রাষ্ট্রপতির কার্যালয়ের সহকারী প্রটোকল অফিসার : ২৪]
ⓚ ১৯৯৭ ⓚ ১৯৯৯
ⓖ ২০০০ ⓖ ২০১৪ উত্তর: খ

১৭. কোনটি বিংশ শতাব্দীর শেষভাগে উপনিবেশবাদের নিগড় থেকে মুক্ত হয়? [২৭তম বিসিএস]
ⓚ হংকং ⓚ শ্রীলংকা
ⓖ ম্যাকাও ⓖ বাংলাদেশ উত্তর: গ

## স্পেন

ফিলিপাইনে স্পেনীয় উপনিবেশিকরণ শুরু হয় ১৫৬৫ সালে। স্পেনীয় শক্তি এখানে ধীরে ধীরে প্রভাব বিস্তার করতে থাকে এবং বেশিরভাগ দ্বীপপুঞ্জ স্প্যানিশ শাসনের অধীনে আসে।

## যুক্তরাষ্ট্র

১৮৯৮ খ্রিষ্টাব্দে মার্কিন যুক্তরাষ্ট্র স্পেনকে বিতাড়িত করে কিউবা, ফিলিপাইন, পুয়ের্তো রিকো এবং গুয়াম দখল করে নেয়।

- কিউবা : ১৯০১ সালে মার্কিন সংবিধানে বিতর্কিত 'প্ল্যাট সংশোধনী' আনা হয় এবং ১৯০২ সালে কিউবা থেকে মার্কিন সৈন্য প্রত্যাহার করে নেয়া হয়। আত্মপ্রকাশ করে স্বাধীন "কিউবা প্রজাতন্ত্র"। প্ল্যাট সংশোধনী আলোকে স্বাক্ষরিত বিতর্কিত হাভানা চুক্তি (১৯০৩ খ্রি.)-এর আওতায় যুক্তরাষ্ট্রকে নৌঘাটি নির্মাণের জন্য দক্ষিণ কিউবার গুয়ানতানামো বে ইজারা দিতে বাধ্য হয় কিউবা। মার্কিন নৌঘাঁটি এবং কিউবার ভূখণ্ডকে বিভক্তকারী সীমারেখা ক্যাকটাস পর্দা (Cactus curtain)। ২০০২ সালে (৯/১১-এর পরবর্তী সময়ে) 'শত্রুযোদ্ধা'দের আটক রাখতে নৌঘাঁটিতে কারাগার চালু করে মার্কিন প্রশাসন। কারাগারটি চালু করার পর থেকে বেশ দ্রুত এর কুখ্যাতি ছড়িয়ে পড়ে সারা দুনিয়ায়।
- ফিলিপাইন : ১৯৪৬ সালে ফিলিপাইন যুক্তরাষ্ট্রের নিকট থেকে স্বাধীনতা অর্জন করে। ফিলিপাইনের সুবিক বে তে মার্কিন নৌঘাঁটি ছিল। এটি ১৯৯১ সালে বন্ধ করে দেয়া হয় এবং সিঙ্গাপুরে স্থানান্তর করা হয়।

### MCQ Solution

১. যুক্তরাষ্ট্র ও কিউবার মধ্যকার বিরোধপূর্ণ ভূখণ্ডটির নাম কি? [জাবি (সরকার ও রাজনীতি): ০৯-১০]
ⓚ গুয়ানতানামো বে ⓚ হ্যান্স আইল্যান্ড
ⓖ মাইয়োট ⓖ গ্রানাডা উত্তর: ক

Scanned with CamScanner

২. কোন চুক্তি অনুযায়ী যুক্তরাষ্ট্র কিউবা থেকে বিখ্যাত গুয়ানতানামো বে কারাগার নিয়ে নেয়? [বিসিক শিল্পনগরী কর্মকর্তা: ২৩]
ⓚ treaty of Caribbean
ⓚ Cape town treaty
ⓖ Platt Amendment
ⓖ treaty of Bern **উত্তর: গ**

৩. **The Cactus curtain separates Guantanamo Naval Base from:** [Bangladesh Bank Officer (Cash): 16]
ⓐ Mexico ⓑ Cuba
ⓒ Barbados ⓓ Samoa **Ans. b**

৪. **যুক্তরাষ্ট্রের Guantanamo Bay Detention Camp কোথায় অবস্থিত?** [৪০তম বিসিএস]
ⓚ ফ্লোরিডা ⓚ হাইতি
ⓖ কিউবা ⓘ জ্যামাইকা **উত্তর: গ**

৫. **যুক্তরাষ্ট্র গুয়ান্তানামো বে ব্যবহার করে-** [চবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ জাতীয় ক্রীড়া অনুষ্ঠানের জন্য
ⓚ সামরিক কয়েদখানা হিসেবে
ⓖ জাতীয় পার্ক হিসেবে
ⓘ পর্যটন স্থান হিসেবে **উত্তর: খ**

৬. **দক্ষিণ এশিয়ার কোন দেশটি এক সময় স্পেনীয় সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ⓚ ভিয়েতনাম ⓚ মালয়েশিয়া
ⓖ ফিলিপাইন ⓘ সিঙ্গাপুর **উত্তর: গ**

৭. **'সুবিক বে' কোথায় অবস্থিত?** [ঢাবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ⓚ ক্যারিবীয় অঞ্চলে
ⓚ দক্ষিণ-পূর্ব এশিয়ায়
ⓖ মধ্য-প্রাচ্যে
ⓘ মধ্য ইউরোপে **উত্তর: খ**

৮. **'সুবিক বে' কোথায় অবস্থিত?** [বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে কর্মকর্তা: ২২]
ⓚ সিঙ্গাপুরে ⓚ জার্মানিতে
ⓖ জাপানে ⓘ ফিলিপাইনে **উত্তর: ঘ**

## হল্যান্ড

সপ্তদশ শতাব্দীর প্রথমে হল্যান্ড ইন্দোনেশিয়া অধিকার করে। পরবর্তীতে উপনিবেশটি জাতীয়করণের মাধ্যমে নামকরণ করে 'ডাচ ইস্ট ইন্ডিজ'। বিংশ শতাব্দীর গোড়া থেকে সেখানে সুকর্নের নেতৃত্বে ওলন্দাজ-বিরোধী জাতীয়তাবাদের উন্মেষ ঘটে। ১৯৪৯ সালে ইন্দোনেশিয়া স্বাধীনতা লাভ করে। সুকর্ন ('বাংকর্ন' নামেও পরিচিত) হন ইন্দোনেশিয়ার প্রথম রাষ্ট্রপতি।

## বেলজিয়াম

১৯৬০ সালে স্বাধীনতা লাভ করে গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র। প্রথম প্রধানমন্ত্রী হিসেবে ক্ষমতা গ্রহণ করেন দেশটির স্বাধীনতার স্থপতি প্যাট্রিস লুমুম্বা।

## ইতালি

| | |
|---|---|
| ইরিত্রিয়া | দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইতালীয় উপনিবেশ ইরিত্রিয়াকে ইথিওপিয়ার সঙ্গে যুক্ত করা হয়। কিন্তু ১৯৬০ এর দশকে ইরিত্রীয় বিচ্ছিন্নতাবাদীরা স্বাধীনতার জন্য ইথিওপিয় সরকারের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। কয়েক দশকের রক্তক্ষয়ী যুদ্ধের পর ১৯৯৩ সালে ইথিওপিয়া থেকে স্বাধীন হয়ে যায় ইরিত্রিয়া। যদিও ১৯৯৮ সালে ইথিওপিয়ার সঙ্গে ফের যুদ্ধে জড়ায় ইরিত্রিয়া। ২০০০ সালে সেই যুদ্ধ থামলেও উত্তেজনা জিইয়ে ছিল। প্রতিবেশী ইরিত্রিয়ার সঙ্গে দুই দশক ধরে চলা সংঘাত ও সীমান্ত বিরোধের অবসান ঘটে ইথিওপিয়ার প্রধানমন্ত্রী আবি আহমেদ আলী হাত ধরে। ফলে ক্ষমতায় আসার এক বছরের মাথায় ২০১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান আবি। |
| সোমালিয়া | ইতালীয় সোমালিল্যান্ড ও ব্রিটিশ সোমালিল্যান্ড মিলিত হয়ে ১৯৬০ সালের ১ জুলাই স্বাধীন সোমালিয়া রাষ্ট্র গঠিত হয়। আল-শাবাব সোমালিয়ার একটি ইসলামপন্থি সংগঠন। সংগঠনটি সোমালিয়ায় ইসলামি শাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে জাতিসংঘ সমর্থিত সরকার ও পশ্চিমা বিশ্বের বিরুদ্ধে লড়াই করছে। |

## MCQ Solution

১. **ইন্দোনেশিয়া......দেশের উপনিবেশ ছিল।** [ঢাবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ⓚ নেদারল্যান্ডস ⓚ নিউজিল্যান্ড
ⓖ ব্রিটেন ⓘ স্পেন **উত্তর: ক**

২. **প্রেসিডেন্ট সুকর্ন অন্য যে নামে পরিচিত ছিলেন-** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩]
ⓚ মাহাথির ⓚ বাংকর্ন
ⓖ সুহার্তো ⓘ সাদ্দাম হোসেন **উত্তর: খ**

৩. **আল শাবাব কোন দেশের সংগঠন?** [NSI'র সহকারী পরিচালক: ১৭]
ⓚ কুয়েত ⓚ সংযুক্ত আরব আমিরাত
ⓖ সোমালিয়া ⓘ নাইজেরিয়া **উত্তর: গ**

৪. **ইরিত্রিয়া কোন দেশের অংশ ছিল?** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ⓚ মরক্কো ⓚ ঘানা
ⓖ মিশর ⓘ ইথিওপিয়া **উত্তর: ঘ**

৫. **কোন দুটি দেশের মধ্যে সীমান্ত বিরোধ নিষ্পত্তির জন্য ২০১৯ সালে নোবেল শান্তি পুরস্কার দেয়া হয়?** [৪১তম বিসিএস]
ⓚ মালি এবং সেনেগাল
ⓚ ইথিওপিয়া এবং ইরিত্রিয়া
ⓖ পেরু এবং ভেনেজুয়েলা
ⓘ ক্যামেরুন এবং ইথিওপিয়া **উত্তর: খ**

Scanned with CamScanner

## দেশের পূর্বনাম

| দেশ | পুরাতন নাম |
|---|---|
| জাপান | নিপ্পন (*Nippon*) |
| তাইওয়ান | ফরমোজা |
| মালয়েশিয়া | মালয় |
| সিঙ্গাপুর | তুমাসিক |
| কম্বোডিয়া | কাম্পুচিয়া (*Kampuchea*) |
| থাইল্যান্ড | শ্যাম (*Siam*) |
| মায়ানমার | ব্রহ্মদেশ, বার্মা |
| শ্রীলঙ্কা | সিলন (*Ceylon*) |
| নেদারল্যান্ড | হল্যান্ড |
| সুইজারল্যান্ড | হেলভেটিয়া (*Helvetia*) |
| জার্মানি | ডয়েচল্যান্ড |
| ফ্রান্স | দ্য গল |
| মলদোভা | মলদাভিয়া |
| মালাউই | নায়াসাল্যান্ড |
| ইসোয়াতিনি | সোয়াজিল্যান্ড |
| ইথিওপিয়া | আবিসিনিয়া |
| নামিবিয়া | দক্ষিণ-পশ্চিম আফ্রিকা |
| তানজানিয়া | জাঞ্জিবার ও ট্যাঙ্গানিকা |
| জাম্বিয়া | উত্তর রোডেশিয়া |
| বেনিন | দাহোমি |
| জিবুতি | ফ্রেঞ্চ সোমালিল্যান্ড |
| বারকিনা ফাসো | আপার ভোল্টা |
| নিরক্ষীয় গায়ানা | স্পেনিস গায়ানা |
| ঘানা | গোল্ড কোস্ট |
| গিনিবিসাউ | পর্তুগিজ গিনি |
| লেসোথো | বাসুতোল্যান্ড |
| বতসোয়ানা | বেচুয়ানাল্যান্ড |
| জিম্বাবুয়ে | দক্ষিণ রোডেশিয়া |
| মাদাগাস্কার | মালাগাসি |
| গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র | জায়ারে, কঙ্গো-লিওপোল্ডভিল |
| কঙ্গো প্রজাতন্ত্র | কঙ্গো-ব্রাজভিল |
| বেলিজ | ব্রিটিশ হন্ডুরাস |
| সুরিনাম | ডাচ গায়ানা |
| গায়ানা | ব্রিটিশ গায়ানা |
| টুভ্যালু | এলিস দ্বীপপুঞ্জ |
| ভানুয়াতু | নিউ হেব্রাইডিজ |
| কিরিবাতি | গিলবার্ট দ্বীপপুঞ্জ |

## MCQ Solution

১. **What is the former name of Japan?** [EXIM Bank Ltd. Trainee Asst. Officer: 18]

*Or,*

**জাপানের পুরাতন নাম -** [ঢাবি (খ ইউনিট): ১৬-১৭]

ⓐ Rangoon ⓑ Bombay
ⓒ Nippon ⓓ None **Ans. c**

২. **ফরমোজা কোন দেশের পূর্ব নাম?** [কারিগরি শিক্ষা অধিদপ্তর কম্পিউটার অপারেটর: ২১]

ক) নেপাল খ) ফিজি
গ) কম্বোডিয়া ঘ) তাইওয়ান **উত্তর: ঘ**

৩. **Present name of the country Siam is -** [Agrani Bank Ltd. Officer: 10] *Or,*

**কোন দেশ 'শ্যামদেশ' নামে পরিচিত ছিল?** [প্রাক প্রাথমিক শিক্ষক ৩১তম বিসিএস / প্রাণিসম্পদ অধিদপ্তর এর কম্পিউটার: ২৫]

ক) মিশর খ) ইরাক
গ) ইরান ঘ) থাইল্যান্ড **উত্তর: ঘ**

৪. **ব্রহ্মদেশ বর্তমানে কী নামে পরিচিত?** [ঢাবি (খ ইউনিট): ০৭-০৮]

ক) মায়ানমার খ) জাপান
গ) থাইল্যান্ড ঘ) ভিয়েতনাম **উত্তর: ক**

৫. **'হল্যান্ড' কোন দেশের পুরাতন নাম?** [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ০৪]

ক) ইংল্যান্ড খ) নেদারল্যান্ড
গ) সুইডেন ঘ) নিউজিল্যান্ড **উত্তর: খ**

৬. **'হেলভেটিয়া' (Helvetia) কোন দেশের পূর্ব নাম?** [সমন্বিত ৫ ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]

ক) সুইজারল্যান্ড খ) ব্রাজিল
গ) স্পেন ঘ) পর্তুগাল **উত্তর: ক**

৭. **'ডয়েচল্যান্ড' এর বর্তমান নাম কী?** [সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষক: ...]

ক) নেদারল্যান্ড খ) পোল্যান্ড
গ) অস্ট্রিয়া ঘ) জার্মানি **উত্তর: ঘ**

৮. **'দ্যা গল' কোন দেশের প্রাচীন নাম?** [ডাক বিভাগ (পুলিশ) অফিস সহায়ক: ...]

ক) স্পেন খ) জাপান
গ) ইংল্যান্ড ঘ) ফ্রান্স **উত্তর: ঘ**

৯. **কোন দেশের পুরাতন নাম আবিসিনিয়া?** [পররাষ্ট্র মন্ত্রণালয় সহকারী সাইফার কর্মকর্তা: ২২]

ক) লিবিয়া খ) মিশর
গ) ইথিওপিয়া ঘ) ইরাক **উত্তর: গ**

১০. **নামিবিয়ার পূর্ব নাম কি ছিল?** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার: ০৪]

ক) দক্ষিণ-পূর্ব আফ্রিকা খ) দক্ষিণ-পশ্চিম আফ্রিকা
গ) সোয়াজিল্যান্ড ঘ) রোডেসিয়া **উত্তর: খ**

১১. **বেলিজের পূর্বনাম কি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরে অফিস সহকারী: ...]

ক) লালা শিলসিলা খ) ব্রিটিশ হন্ডুরাস
গ) তিরিশো গ্রান্ড ঘ) কোনোটিই নয় **উত্তর: খ**

Scanned with CamScanner

১২. বারকিনা ফাসোর প্রাক্তন নাম কী? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর : ০৫]

ⓚ আপার ভোল্টা ⓚ গোল্ড কোস্ট
ⓖ দাহোমি ⓖ নায়াসাল্যান্ড **উত্তর: ক**

## স্থানের পূর্বনাম

| পুরাতন নাম | বর্তমান নাম |
|---|---|
| হস্তিনাপুর | দিল্লী (ভারত) |
| বোম্বাই | মুম্বাই (ভারত) |
| মাদ্রাজ | চেন্নাই (ভারত) |
| উত্তর বোর্নিও | সাবা (মালয়েশিয়া) |
| বাটাভিয়া | জাকার্তা (ইন্দোনেশিয়া) |
| মানচুকিয়ো | মাঞ্চুরিয়া (চীন) |
| সলসবেরি | হারারে (জিম্বাবুয়ে) |
| আল কাহিরা | কায়রো (মিশর) |
| খ্রিস্টিনা | অসলো (নরওয়ে) |
| জওহরগালা | গ্রজনি (রাশিয়া) |
| মালভিনাস | ফকল্যান্ড (ব্রিটেন) |
| স্যান্ডউইচ দ্বীপপুঞ্জ | হাওয়াই দ্বীপপুঞ্জ (যুক্তরাষ্ট্র) |
| কেপকেনেডি | কেপ কেনভিরাল (যুক্তরাষ্ট্র) |

## MCQ Solution

১. হারারে-এর পুরাতন নাম – [৩১তম বিসিএস/ ১১তম বিসিএস]

ⓚ সলসবেরি ⓚ ফরমুজা
ⓖ পেট্রোগ্রাড ⓖ রোডেসিয়া **উত্তর: ক**

২. কায়রো এর পূর্বনাম - [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]

ⓚ কাহারা ⓚ আল কাহিরা
ⓖ কায়রোয়ান ⓖ কাহাল্লু **উত্তর: খ**

**উপনিবেশবাদ বনাম নব্য উপনিবেশবাদ** [৩৪তম বিসিএস (লিখিত)]

এ.মার্সন বলেন, 'ঔপনিবেশিকতা হলো কোনো বিদেশি জনসাধারণের ওপর দীর্ঘ সময় ধরে শাসন প্রতিষ্ঠা এবং তা বজায় রাখার ব্যবস্থা'। অর্থাৎ কোনো সার্বভৌম রাষ্ট্রের মালিকানাধীন দূরবর্তী ভূখণ্ডকে উপনিবেশবাদ বলা হয়। ১৯৪৭ সালের আগ পর্যন্ত ভারতীয় উপমাহাদেশে ইংরেজ শাসন ছিল ঔপনিবেশিক শাসন।

নব্য-উপনিবেশবাদে কোনো রাষ্ট্রের ভূখণ্ড দখল না করে বাজার দখল করার জন্য বিভিন্ন কৌশলাদি প্রয়োগ করা হয়। শক্তিশালী রাষ্ট্রের অর্থনৈতিক, রাজনৈতিক, সাংস্কৃতিক দিক দিয়ে দুর্বল রাষ্ট্রের উপর প্রভাবই হলো নব্য-উপনিবেশবাদ। বাঙালি সংস্কৃতির উপর পাশ্চাত্য সংস্কৃতির প্রধান্য নব্য-উপনিবেশবাদের উদাহরণ।

Scanned with CamScanner

# বিচ্ছিন্নতাবাদ
# Separatism

## স্বাধীনতাকামী অঞ্চল




**বুগেনভিল:** দক্ষিণ-পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জ বুগেনভিল। প্রথম বিশ্বযুদ্ধের সময় বুগেনভিল দখলে নেয় অস্ট্রেলিয়া। ১৯৭৫ সালে পাপুয়া নিউগিনি অস্ট্রেলিয়ার কাছ থেকে স্বাধীনতা লাভ করলে বুগেনভিল পাপুয়া নিউগিনির একটি প্রদেশে পরিণত হয়। ৯ বছরের রক্তক্ষয়ী গৃহযুদ্ধ আর পরবর্তী ধারাবাহিক শান্তি প্রক্রিয়ার পর ২০০৫ সালে বুগেনভিলে স্বায়ত্তশাসিত সরকার প্রতিষ্ঠিত হয়। "অধিকতর স্বায়ত্তশাসন নাকি স্বাধীনতা" প্রশ্নে ২০১৯ সালে বুগেনভিলে গণভোট অনুষ্ঠিত হয়। সেখানে জনগণ স্বাধীনতার পক্ষে রায় দেয়।

**মিন্দানাও:**




ফিলিপাইনের দক্ষিণাঞ্চলীয় দ্বীপপুঞ্জের মাঝে অবস্থিত মিন্দানাও দ্বীপ। মূল দ্বীপ ও সুলু দ্বীপপুঞ্জসহ এর আশপাশের ছোট ছোট কিছু দ্বীপ নিয়েই গঠিত মিন্দানাও। মিন্দানাওয়ের একটি স্বায়ত্তশাসিত অঞ্চল বাংসামরো। এই অঞ্চলের বাসিন্দারা প্রধানত মরো (মুসলিম) জাতির। মরোরা ছিলো লড়াকু আর স্বাধীনচেতা। বিশ্বযুদ্ধের পর ১৯৪৬ সালে ফিলিপাইন স্বাধীনতা লাভ করে। স্বাধীনতার পরপরই মুসলিম সংখ্যাগরিষ্ঠ অঞ্চল নিয়ে একটি পৃথক ভূখণ্ড গঠনের দাবি করে মরোরা। শুরু হয় সংঘাত। মরোদের দীর্ঘ সংগ্রামে নেতৃত্ব দেয় মরো ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট (Moro National Liberation Front- MNLF) এবং Moro Islamic Liberation Front (MILF) নামক গেরিলা সংগঠন। দীর্ঘ রক্তক্ষয়ী সংগ্রামের পর অবশেষে ২০১৯ সালে এক গণভোটের মাধ্যমে অঞ্চলটিতে স্বায়ত্তশাসন কার্যকর হয়। মরোদের একটির অন্তর্বর্তীকালীন সরকার অঞ্চলটির দায়িত্বভার গ্রহণ করে। কিন্তু ক্ষুদ্র কট্টর জঙ্গি সংগঠন আবু সায়েফ (Abu Sayyaf) শান্তি প্রক্রিয়া প্রত্যাখ্যান করে এখনও তৎপরতা চালিয়ে যাচ্ছে।




**কারেন:** ১৯৪৮ সালে মিয়ানমারের কারেন প্রদেশের স্বাধীনতার জন্য সংগ্রাম শুরু করে কারেন বিদ্রোহীরা। পরবর্তীতে তারা স্বাধীনতার দাবি পরিত্যাগ করে স্বায়ত্তশাসনের জন্য সংগ্রামরত।

**ত্রিপুরা:** ভারতের ত্রিপুরা রাজ্যের একটি গেরিলা সংগঠন NLFT (National Liberation Front of Tripura)।

**আসাম:** ভারতের আসাম রাজ্যের একটি গেরিলা সংগঠন উলফা (ULFA - United Liberation Front of Assam)। উলফার প্রধান পরেশ বড়ুয়া।

**তামিল ইলম:** সিংহলি সম্প্রদায় শ্রীলঙ্কার সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠী। উত্তর-পূর্ব দিকের স্বতন্ত্র সাংস্কৃতিক ঐতিহ্য নিয়ে তামিল সম্প্রদায় দেশের সর্ববৃহৎ সংখ্যালঘু সম্প্রদায়। জাফনা শ্রীলঙ্কার উত্তরাঞ্চলীয় প্রদেশে অবস্থিত তামিল অধ্যুষিত উপদ্বীপ।

Scanned with CamScanner

'এলিফ্যান্ট পাস' কে জাফনা উপদ্বীপের প্রবেশদ্বার বলা হয়।




তামিলরা ১৯৭৬ সালে শ্রীলঙ্কার উত্তর ও পূর্বাংশ নিয়ে একটি স্বাধীন তামিল রাষ্ট্র গঠনের জন্য শ্রীলঙ্কার সরকারের বিরুদ্ধে লড়াই শুরু করে। শুরু হয় গৃহযুদ্ধ। তামিলদের বিচ্ছিন্নতাবাদী সংগঠনের নাম LTTE (Liberation Tigers of Tamil Eelam)। উগ্র গেরিলা সংগঠনটির প্রধান ছিলেন ভেলুপিল্লাই প্রভাকরণ। ২০০৯ সালে প্রভাকরণ শ্রীলঙ্কার সেনাবাহিনীর হাতে নিহত হলে গৃহযুদ্ধের সমাপ্তি ঘটে।

কুর্দিস্থান বলতে তুরস্ক, ইরাক, ইরান ও সিরিয়ার কুর্দি অধ্যুষিত অঞ্চলকে বোঝায়। কুর্দি মধ্যপ্রাচ্যের একটি নৃতাত্ত্বিক জনগোষ্ঠী। ১৯৭০ এর দশকে কুর্দিস্তান এলাকা নিয়ে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য কুর্দিরা কুর্দিস্তান ওয়ার্কাস পার্টি (কুর্দি ভাষায় : Partiya Karkerên Kurdistanê - PKK) গঠন করে।




## কাতালোনিয়া




কাতালোনিয়া স্পেনের উত্তর-পূর্বাঞ্চলীয় একটি স্বশাসিত অঞ্চল। রাজধানী বার্সেলোনা। বর্তমানে অঞ্চলটি স্পেনের কাছ থেকে স্বাধীনতা দাবি করছে। ১ অক্টোবর, ২০১৭ স্বাধীনতার প্রশ্নে সেখানে একটি বিতর্কিত গণভোট অনুষ্ঠিত হয়। গণভোটের রায় স্বাধীনতার পক্ষে আসলে ২৭ অক্টোবর, ২০১৭ ক্যাটালন পার্লামেন্ট একতরফাভাবে স্বাধীনতা ঘোষণা করে। কিন্তু এই ঘোষণা আন্তর্জাতিকভাবে স্বীকৃত নয়।

## নাগার্নো-কারাবাখ




নাগার্নো-কারাবাখ দক্ষিণ ককেশাসের একটি স্থলবেষ্টিত অঞ্চল। নাগার্নো-কারাবাখ আন্তর্জাতিকভাবে আজারবাইজানের অংশ হিসেবে স্বীকৃত, কিন্তু সেখানে থাকে মূলত জাতিগত আর্মেনীয়রা। সোভিয়েত ইউনিয়ন যখন বিলুপ্তির পথে, তখন থেকেই এই অঞ্চলের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠায় ব্যস্ত হয়ে ওঠে আজারবাইজান ও আর্মেনিয়া। প্রথম নাগার্নো-কারাবাখ যুদ্ধে (১৯৮৮ -১৯৯৪) আজারবাইজান পরাজিত হয়। আর্মেনিয়া সরকারের পৃষ্ঠপোষকতা নিয়ে নাগার্নো-কারাবাখ অঞ্চলের নিয়ন্ত্রণ নেয় আর্মেনীয় বিচ্ছিন্নতাবাদীরা। দ্বিতীয় নাগার্নো-কারাবাখ যুদ্ধে (২০২০) আজারবাইজান জয়ী হয়। বেশ কিছু নিজস্ব ভূখণ্ড পুনরুদ্ধারে সক্ষম হয় আজারবাইজান। তবে নাগার্নো-কারাবাখের 'স্ট্যাটাস' অনিষ্পন্ন থাকে। ২০২৩ সালে নাগার্নো-কারাবাখ অঞ্চলে নিজেদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে আজারবাইজান।

## MCQ Solution

১. **স্বাধীনতার আগে পাপুয়া নিউগিনি কোন দেশের অধীন ছিল?** [১৭তম বিসিএস]
ক) ব্রিটেন খ) ফ্রান্স
গ) অস্ট্রেলিয়া ঘ) নিউজিল্যান্ড **উত্তর: গ**

২. **The Bougainville Island is an autonomous region seeking independence from which country?** [UCBL Probationary Officer: 20]
ⓐ New Zealand
ⓑ Papua new guinea
ⓒ Indonesia
ⓓ Fiji **Ans. b**

৩. **আবু সায়েফ গেরিলা গোষ্ঠী কোন দেশে তৎপর?** [২৬তম বিসিএস]
ক) ইরাক খ) ফিলিপাইন
গ) ইন্দোনেশিয়া ঘ) থাইল্যান্ড **উত্তর: খ**

Scanned with CamScanner

৪. মরো ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট কোন দেশের বিদ্রোহী গ্রুপ? [জাবি (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) : ০৯-১০]
ক) চীন খ) ইন্দোনেশিয়া
গ) ফিলিপাইন ঘ) থাইল্যান্ড উত্তর: গ

৫. স্বাধীনতার জন্য কারেন বিদ্রোহীরা যুদ্ধরত- [ঢাবি (খ ইউনিট): ৯৯-০০]
ক) মিয়ানমারে খ) লাওসে
গ) কম্পুচিয়ায় ঘ) নিকারাগুয়ায় উত্তর: ক

৬. এন. এল. এফ. টি কী? [থানা শিক্ষা অফিসার : ৯৯]
ক) ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব তামিলস
খ) ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব ত্রিপুরা
গ) ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব তেলেগুজ
ঘ) ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব টাইগারস উত্তর: খ

৭. উলফা কোন অঞ্চলের সন্ত্রাসবাদী দল? [ঢাবি (ঘ ইউনিট): ৯৬-৯৭]
ক) ত্রিপুরা খ) আসাম
গ) নাগাল্যান্ড ঘ) মণিপুর উত্তর: খ

৮. এলটিটিই গেরিলারা কোন দেশের? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ): ০৬]
ক) লেবানন খ) লাইবেরিয়া
গ) মিয়ানমার ঘ) শ্রীলঙ্কা উত্তর: ঘ

৯. এল.টি.টি.ই হলো- [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]
ক) বাংলাদেশের একটা সন্ত্রাসী দল
খ) ভারতের দস্যুদল
গ) কানাডার রাজনৈতিক দল
ঘ) শ্রীলঙ্কার একটা বিচ্ছিন্নতাবাদী দল উত্তর: ঘ

১০. জাফনা দ্বীপ কোথায় অবস্থিত? [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১৬]
ক) মালদ্বীপ খ) ইন্দোনেশিয়া
গ) জাপান ঘ) শ্রীলঙ্কা উত্তর: ঘ
ব্যাখ্যা: জাফনা প্রকৃতপক্ষে উপদ্বীপ।

১১. 'Elephant Pass' অবস্থিত? [৪৫তম বিসিএস]
ক) থাইল্যান্ড খ) দক্ষিণ আফ্রিকা
গ) শ্রীলঙ্কা ঘ) মালয়শিয়া উত্তর: গ

১২. কুর্দিদের বাস যে দেশে - [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ৯২]
ক) ইরানে খ) ইরাকে
গ) তুরস্কে ঘ) সবগুলোতে উত্তর: ঘ

১৩. PKK কী? [রাবি (মার্কেটিং) : ০৭-০৮]
ক) ফিলিস্তিনিদের সংগঠন
খ) ফিলিপাইনের মুসলিম বিদ্রোহীদের সংগঠন
গ) তামিল টাইগারদের সংগঠন
ঘ) তুরস্কের কুর্দিদের সংগঠন উত্তর: ঘ

১৪. 'কাতালোনিয়া' কোন দেশে অবস্থিত? [বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মকর্তা: ২২]
ক) স্পেন খ) গ্রিস
গ) জার্মানি ঘ) কোরিয়া উত্তর: ক

১৫. 'স্পেনের স্বাধীনতাকামী প্রদেশ- [রাবি (ইউনিট A-২): ২১-২২]
ক) আলমেরিয়া খ) মালাগা
গ) কাতালোনিয়া ঘ) গ্রানাডা উত্তর: গ

১৬. ক্যাটালন কোন দেশের ভাষা? [১৪তম বিসিএস]
ক) স্পেন খ) বেলজিয়াম
গ) নাইজেরিয়া ঘ) মঙ্গোলিয়া উত্তর: ক

১৭. বার্সেলোনা নগরী কোথায় অবস্থিত? [BDBL সিনিয়র অফিসার: ১৭]
ক) ইতালিতে খ) পর্তুগালে
গ) স্পেনে ঘ) ফ্রান্সে উত্তর: গ

১৮. 'নাগার্নো- কারাবাখ' হলো একটি- [PSC'র সহকারী পরিচালক: ০৬]
ক) ছিটমহল খ) সমরকেন্দ্র
গ) গোয়েন্দা সংস্থা ঘ) বিদ্রোহী দল উত্তর: ক

১৯. আর্মেনিয়া ও আজারবাইজান যে ভূ-খণ্ড নিয়ে সংঘর্ষে লিপ্ত [৪২তম বিসিএস (বিশেষ)]
ক) দাগেস্তান খ) নাগার্নো-কারাবাখ
গ) ফ্রুনজে ঘ) ইয়ালটা উত্তর: খ

## গেরিলা ও বিপ্লবী সংগঠন

**জাপানিজ লাল সেনা** (Japanese Red Army) ফুসাকো শিগেনোবু কর্তৃক প্রতিষ্ঠিত একটি কমিউনিস্টপন্থী জঙ্গি সংগঠন। বিমান ছিনতাই ইতিহাসে জাপানি লাল সেনা ছিল খ্যাতিমান। ১৯৭০ এবং ১৯৮০ এর দশকে সারা পৃথিবীতে বিমান ছিনতাইয়ের অনেকগুলো ঘটনা ঘটায় তারা। ৩০ মে, ১৯৭২ ইসরায়েলের তেল আবিবের লুদ আন্তর্জাতিক বিমান বন্দরে (বর্তমানে বেন গুরিয়ন আন্তর্জাতিক বিমান বন্দর) আক্রমণ করে ও গ্রেনেড ফাটিয়ে ২৬ জন মানুষকে হত্যা করে।

**কন্ট্রা** (Contras) ১৯৭৯ সালে নিকারাগুয়ায় স্বৈরাতন্ত্রী সামোজা সরকারের পতন ঘটে এবং বিপ্লবী বামপন্থী স্যান্ডানিস্টা সরকার গঠিত হয়। এতে আশা ভঙ্গ হয় যুক্তরাষ্ট্রের। মার্কিন প্রত্যক্ষ মদদ ও অর্থায়নে কন্ট্রা বিদ্রোহীরা নিকারাগুয়ায় বিচ্ছিন্ন আক্রমণ ও সন্ত্রাসী কার্যক্রম শুরু করে। কন্ট্রা বিদ্রোহীদের দাবি দাওয়ার মধ্যে অন্যতম ছিল একটি অবাধ-সুষ্ঠ ও নিরপেক্ষ নির্বাচন। বিদ্রোহীদের দাবির মুখে তৎকালীন সরকার ১৯৯০ সালে নির্বাচনের আয়োজন করে। নির্বাচনের মধ্যে দিয়ে সমাপ্ত হয় কন্ট্রার লড়াকু ইতিহাস।

**ফার্ক** (FARC - Revolutionary Armed Forces of Colombia - People's Army) কলম্বিয়ার মার্কসবাদী গেরিলা সংগঠন। ১৯৬৪ সালে ফার্ক তাদের সশস্ত্র আন্দোলন শুরু করে। ২০১৬ সালে কিউবার রাজধানী হাভানায় কলম্বিয়ার সরকার ও ফার্ক বিদ্রোহীদের মধ্যে একটি শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়। সরকার চুক্তি মেনে চলছে না - এমন অভিযোগের ভিত্তিতে ফের অস্ত্র হাতে তুলে নেওয়ার ঘোষণা দিয়েছেন ফার্কের নেতারা।

Scanned with CamScanner

**M-19** (19th of April Movement) কলম্বিয়ার একটি গেরিলা সংগঠন (সক্রিয়: ১৯৭০ - ১৯৯০ খ্রি.)। ১৯৭০ সালের ১৯ এপ্রিল কলম্বিয়ায় প্রতারণায় ভরপুর ও ভোট চুরির যে নির্বাচন হয়েছিল, সেই তারিখকে স্মরণ করে এর নামকরণ করা হয়।

**সাইনিং পাথ** (অন্য নাম - কমিউনিস্ট পার্টি অব পেরু) একটি মাওবাদী গেরিলা গ্রুপ। ১৯৬৯ খ্রিষ্টাব্দে দর্শনের অধ্যাপক এবিমিয়েল গুজমানের হাত ধরে এর যাত্রা শুরু।

**টুপাক আমারু** (Tupac Amaru Revolutionary Movement - MRTA) পেরুর একটি বামপন্থী গেরিলা সংগঠন।

## MCQ Solution

১. **রেড আর্মি কোন দেশের গেরিলা সংগঠন?** [জবি (বি ইউনিট): ১৭-১৮]
ⓚ ভারত ⓚ মিয়ানমার
ⓖ জাপান ⓘ ইংল্যান্ড **উত্তর: গ**

২. **Contra Guerrillas are found in** - [JU (C1 Unit): 15-16]
ⓐ Nicaragua ⓑ Guatemala
ⓒ Costa Rica ⓓ Peru **Ans. a**

৩. **নিকারাগুয়ার যে বিদ্রোহীদের যুক্তরাষ্ট্র সমর্থন করে তার নাম** - [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ৯২]
ⓚ নিউনিটা ⓚ সান্ডিনিষ্ঠা
ⓖ কন্ট্রা ⓘ সোয়াপো **উত্তর: গ**

৪. **'M-19' কোন দেশের গেরিলা সংগঠন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ে গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার: ০৫]
ⓚ ভারত ⓚ কলম্বিয়া
ⓖ জাপান ⓘ মালয়েশিয়া **উত্তর: খ**

৫. **FARC গেরিলারা কোন দেশে তাদের কার্যক্রম চালাচ্ছে?** [ঢাবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ⓚ পেরু ⓚ কলম্বিয়া
ⓖ চিলি ⓘ কোস্টারিকা **উত্তর: খ**

৬. **'সাইনিং পাথ' হচ্ছে**- [ঢাবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ⓚ পেরুর গেরিলা সংগঠন
ⓚ নেপালের গেরিলা সংগঠন
ⓖ নিকারগুয়ার রাজনৈতিক দল
ⓘ হন্ডুরাসের রাজনৈতিক দল **উত্তর: ক**

৭. **'টুপাক আমারু' কি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইনস্ট্রাক্টর: ০৫]
ⓚ একটি ফলের নাম
ⓚ পেরুর বামপন্থী গেরিলা সংগঠন
ⓖ একজন বিখ্যাত পন্ডিত
ⓘ একটি দর্শনীয় স্থান **উত্তর: খ**

## নৃগোষ্ঠী

নৃগোষ্ঠী বলতে মানব প্রজাতির এমন এক উপবিভাগকে বোঝায় যার সদস্যবৃন্দ উত্তরাধিকার সূত্রে একই দৈহিক বৈশিষ্ট্য অর্জন করে। এভাবে প্রতিটি উপবিভাগ এক একটি নরগোষ্ঠী এবং সেগুলো ভিন্ন ভিন্ন বৈশিষ্ট্যের অধিকারী। সাধারণত গায়ের রং, চুল ও চোখের গড়ন ও রং, নাক, ঠোঁট, মাথার আকৃতি ও গড়ন, দৈহিক উচ্চতা ইত্যাদির ভিত্তিতে পৃথিবীর মানুষকে কয়েকটি বৃহৎ নরগোষ্ঠীতে ভাগ করা হয়। যেমন-

ক) **ককেশীয়** (Caucasoid): গায়ের চামড়া সাদা, চুল কোঁকড়ানো, নাক পাতলা ও উন্নত, ঠোঁট পাতলা। যথা- নর্ডিক, আলপাইন, মেডিটারেনিয়ান।

খ) **মঙ্গোলীয়** (Mongoloid): গায়ের রং পীতবর্ণ থেকে উজ্জ্বল শ্যামলা, চুল কালো বা খুব গাঢ় বাদামি, কালো বা বাদামি চোখ, নাক মোটা এবং কিছুটা উন্নত। যথা- এশীয় মঙ্গোলীয়, আমেরিকান ইন্ডিয়ান, পলিনেশীয় ও শ্বেতকায় মঙ্গোলীয়দের মাঝামাঝি মানবগোষ্ঠী। বাংলাদেশে বসবাসকারী উপজাতীয়দের বড় অংশ মঙ্গোলয়েড।

গ) **নিগ্রোয়েড** (Negroid): গায়ের রং কালো, চুল পশমি এবং নাক প্রশস্ত। এদের বসবাস আফ্রিকায়।

ঘ) **অস্ট্রালয়েড** (Australoid): মাথার চুল ঢেউ খেলানো, গায়ে প্রচুর লোম, লম্বা মাথা, প্রশস্ত নাক, কালো বাদামি গায়ের রং এবং উচ্চতা মধ্যমাকৃতির। অস্ট্রেলীয় আদিবাসী ইন্দো-অস্ট্রেলীয় ও জাপানের আইনুদের এই শ্রেণিতে ফেলা হয়। বাংলাদেশের মানুষ প্রধানত আদি-অস্ট্রেলীয় (Proto-Australian) নরগোষ্ঠীভুক্ত।

## MCQ Solution

১. **মানবপ্রজাতিকে কয়টি নরগোষ্ঠীতে বিভক্ত করা হয়–** [জবি (আই ইউনিট): ১৯-২০]
ⓚ ২টি ⓚ ৪টি
ⓖ ৩টি ⓘ ৫টি **উত্তর: খ**

২. **ককেশয়েড একটি ....... এর নাম।** [ঢাবি (খ ইউনিট): ৯৮-৯৯]
ⓚ জাতি ⓚ ধর্ম
ⓖ শ্রেণী ⓘ নৃ-গোষ্ঠী **উত্তর: ঘ**

৩. **মধ্যপ্রাচ্যের অধিকাংশ অধিবাসী-** [ঢাবি (খ ইউনিট): ০৫-০৬]
ⓚ ককেশীয় ⓚ মঙ্গোলীয়
ⓖ নিগ্রো ⓘ অস্ট্রেলীয় **উত্তর: ক**

৪. **নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ প্রধানত কোন নরগোষ্ঠীর অন্তর্ভুক্ত?** [সাব-রেজিস্ট্রার: ০৩]
ⓚ অ্যালপাইন
ⓚ আদি-অস্ট্রেলীয়
ⓖ নার্কিড
ⓘ মঙ্গোলীয় **উত্তর: খ**

Scanned with CamScanner

৫. **বাঙালির দৈহিক গড়নে সবচেয়ে বেশি মিল রয়েছে কোন জাতিগোষ্ঠীর সাথে?** [১৭তম শিক্ষক নিবন্ধন; সহকারি শিক্ষক (স্কুল পর্যায়-২) : ২২]
ক মোঙ্গলয়েড খ অস্ট্রালয়েড
গ ককেশয়েড ঘ নিগ্রয়েড **উত্তর: খ**

৬. **বাংলাদেশে বসবাসকারী উপজাতীয়দের বড় অংশ-** [রাবি (এফ ইউনিট): ১৭-১৮]
ক মঙ্গোলয়েড খ সেমাটিড
গ অস্ট্রালয়েড ঘ ককেশীয় **উত্তর: ক**

৭. **রাখাইন ক্ষুদ্র-নৃগোষ্ঠী কোন নরগোষ্ঠীর বৈশিষ্ট্য ধারণ করে?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২২-২৩]
ক ককেশয়েড খ মঙ্গোলয়েড
গ নিগ্রোয়েড ঘ দ্রাবিড়ীয় **উত্তর: খ**

৮. **Which ethnic people constitute the world's largest population?** [Probashi Kallyan Bank Officer (Cash): 21]
ⓐ Han ⓑ Mongol
ⓒ Slav ⓓ Turk **Ans. a**

**ব্যাখ্যা:** বিশ্বের বৃহত্তম নৃগোষ্ঠী হান গণচীন ও তাইওয়ানের বাসিন্দা।

৮. **ইংল্যান্ডের বর্তমান জাতিগোষ্ঠী কোন বংশোদ্ভূত?** [জাবি (বি ইউনিট): ১৬-১৭]
ক ফরাসী খ জার্মান
গ আমেরিকান ঘ রোমান **উত্তর: খ**

## উপজাতি

উপজাতি বলতে এমন জনগোষ্ঠীগুলোকে বুঝায় যা আলাদা রাষ্ট্র গঠন করতে পারেনি কিন্তু নিজের একটি আলাদা সংস্কৃতি গড়ে তুলতে সমর্থ হয়েছে। মূলত রাষ্ট্রের সাথে সম্পর্কের ভিত্তিতে জাতি বা উপজাতি নির্দিষ্টকরণ হয়ে থাকে। নিচে কয়েকটি উপজাতির পরিচয় তুলে ধরা হলো -

| | |
|---|---|
| উইঘুর | চীনের জিনজিয়াং অঞ্চলে বসবাসকারী তুর্কি বংশোদ্ভূত মুসলিম সম্প্রদায়। |
| হুই (Hui) | চীনের বৃহত্তম মুসলিম সম্প্রদায়। |
| নাগা | ভারতের নাগাল্যান্ডের পাহাড়ি উপজাতি। |
| শেরপা | হিমালয়ের পাদদেশে (নেপাল ও তিব্বত অঞ্চলে) বসবাসকারী আদিবাসী। |
| বেদে | ভারতীয় উপমহাদেশের যাযাবর জাতি বিশেষ। বেদের আদি নাম মনতং। |
| টোডা | দক্ষিণ ভারতের তামিলনাড়ু রাজ্যের নীলগিরি পর্বত অঞ্চলের আদিবাসী। টোডা সমাজে বহুস্বামী ভিত্তিক পরিবার দেখা যায়। |
| আফ্রিদি | পাকিস্তানের খাইবার-পখতুনখোয়া প্রদেশের একটি উপজাতি। |
| বেদুঈন | আরবের যাযাবর জনগোষ্ঠী। |
| মুর | উত্তর আফ্রিকায় বসবাসরত মুসলিম আরব জনগোষ্ঠী। |
| হুটু ও টুটসি | রুয়ান্ডার দুটি প্রধান উপজাতি। |
| পিগমি | পৃথিবীর সবচেয়ে খর্বকায় নৃগোষ্ঠী। মধ্য আফ্রিকা (গণপ্রজাতান্ত্রিক কঙ্গো, কঙ্গো প্রজাতন্ত্র, রুয়ান্ডা, বুরুন্ডি প্রভৃতি) এর আদিবাসী। |
| জুলু | দক্ষিণ আফ্রিকার বান্টুভাষী জনগোষ্ঠী। |
| তাতার | সাইবেরিয়া (রাশিয়া), ইউক্রেন, উজবেকিস্তান অঞ্চলের মুসলিম সম্প্রদায়। |
| এস্কিমো | সাইবেরিয়া (রাশিয়া), আলাস্কা (যুক্তরাষ্ট্র), কানাডা, গ্রিনল্যান্ড অঞ্চলের আদিবাসী। এস্কিমোরা শিকারের জন্য কুকুর চালিত যে গাড়ি ব্যবহার করে তার নাম স্লেজ  (Sledge)। স্লেজ গাড়ি চালাতে Siberian Husky বা Alaskan malamute কুকুর ব্যবহৃত হয়। |
| মাউরি | নিউজিল্যান্ডের আদিবাসী। |
| পিরিপকুড়া | ব্রাজিলে আমাজন বনাঞ্চলের একটি আদিবাসী গোষ্ঠী। |
| ভাইকিং | স্ক্যান্ডিনেভিয়ার (বর্তমান ডেনমার্ক, নরওয়ে, সুইডেন) সমুদ্রচারী জলদস্যুদের একটি দল, যারা ৮ম - ১১শ শতক পর্যন্ত ইউরোপের এক বিরাট এলাকা জুড়ে লুটতরাজ চালায় ও বসতি স্থাপন করে। |

## MCQ Solution

১. **চীনের কোন প্রদেশটি মুসলিম অধ্যুষিত?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক কুমিংটাং খ জিনজিয়াং
গ সাংহাই ঘ কোনোটিই নয় **উত্তর: খ**

২. **চীনের জিনজিয়াং প্রদেশে বসবাসকারী প্রধান মুসলিম সম্প্রদায়ের নাম কী?** [৪৩তম বিসিএস/ চবি (বি১ উপ-ইউনিট) : ২৪-২৫]
ক তুর্কমেন খ উইঘুর
গ তাজিক ঘ কাজাখ **উত্তর: খ**

৩. **'উইঘুর' (Uyghur) হলো -** [৩৫তম বিসিএস]
ক চীনের একটি খাবারের নাম
খ চীনের একটি ধর্মীয় স্থানের নাম
গ চীনের একটি শহরের নাম
ঘ চীনের একটি মুসলিম সম্প্রদায়ের নাম **উত্তর: ঘ**

৪. **চীনের উইঘুর সম্প্রদায় কোন বংশ থেকে উদ্ভূত জাতিগোষ্ঠী?** [BPSC'র ইন্সট্রাক্টর ও ওয়ার্কশপ সুপার : ২৩]
ক হুন খ মরো
গ জিনজিং ঘ তুর্কি **উত্তর: ঘ**

Scanned with CamScanner

৫. **Which is the largest Muslim ethnic group in China?** [PKB Officer (Cash): 21]
ⓐ Hui ⓑ Uyghur
ⓒ Kazak ⓓ Kargaz **Ans.** a

৬. **বহুস্বামী বিবাহ ভিত্তিক পরিবার কোন সমাজে দেখা যায়?** [ঢাবি (ঘ ইউনিট): ০৫-০৬]
ⓚ মঙ্গোলীয় ⓚ ভারতীয়
ⓖ গারো ⓖ টোডা উপজাতি **উত্তর: ঘ**

৭. **What is the original name of the mobile community named Bede or Baidya?** [Pubali Bank Ltd. Senior Officer: 17]
ⓐ Arakan ⓑ Mong-tong
ⓒ Rajbongshi ⓓ Bedi **Ans.** b

৮. **'আফ্রিদি' উপজাতি কোন দেশে বাস করে?** [শিক্ষা মন্ত্রণালয়ে স্টেনোটাইপিস্ট: ২২]
ⓚ আফগানিস্তান ⓚ অস্ট্রেলিয়া
ⓖ পাকিস্তান ⓖ উজবেকিস্তান **উত্তর: গ**

৯. **Tartar tribe lives in –** [Bangladesh Bank AD : 23]
ⓐ Russia ⓑ Belgium
ⓒ China ⓓ Greece **Ans.** a

১০. **Eskimos hunt using a dog-driven vehicle called - / এস্কিমোরা শিকারের জন্য কুকুর চালিত যে গাড়ি ব্যবহার করে তার নাম-** [FSIB Probationary Officer: 09]
ⓐ Cartedge ⓑ Sledge
ⓒ Bus ⓓ Snow Cart **Ans.** b

১১. **পৃথিবীর সর্বাপেক্ষা খর্বাকার জাতি 'পিগমি'-রা কোন দেশের অধিবাসী?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ⓚ কঙ্গো ⓚ নামাবিয়া
ⓖ ইথিওপিয়া ⓖ হাইতি **উত্তর: ক**

১২. **'জুলু' উপজাতি বাস করে -** [BEZA 'র সহকারী ব্যবস্থাপক: ২০]
ⓚ ফ্রান্সে
ⓚ লাতিন আমেরিকায়
ⓖ দক্ষিণ আফ্রিকায়
ⓖ ভারতে **উত্তর: গ**

১৩. **'মাউরি' উপজাতি কোন দেশের অধিবাসী?** [LGED' র কম্পিউটার অপারেটর: ২৩]
ⓚ অস্ট্রেলিয়া
ⓚ নিউজিল্যান্ড
ⓖ ভারত
ⓖ পাপুয়া নিউগিনি **উত্তর: খ**

১৪. **Which tribe endures as one of the last indigenous bastions found deep within the Amazon Rainforest?** [Security Printing Press Assistant Director : 23]
ⓐ Piripkura
ⓑ Yanomami
ⓒ Cinta Larga
ⓓ Chiquitano **Ans.** a

১৫. **'ভাইকিং' উপজাতি কোন দেশে বসবাস করতো?** [ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, ঢাকা এর কম্পিউটার অপারেটর : ২৪]
**উত্তর:** ডেনমার্ক, নরওয়ে ও সুইডেন।

Scanned with CamScanner

# একমেরুকেন্দ্রিক বিশ্ব

## Unipolar World

### সমাজতান্ত্রিক যুগোশ্লাভিয়া এবং চেকোশ্লাভাকিয়ার পতন

#### যুগোশ্লাভিয়ার বিলুপ্তি

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যুগোশ্লাভিয়া মার্শাল টিটোর নেতৃত্বে সমাজতান্ত্রিক ব্যবস্থার প্রতি ঝুঁকে পড়ে। কিন্তু মার্কসবাদের ব্যাখ্যা নিয়ে যুগোশ্লাভিয়ার সাথে সোভিয়েত ইউনিয়নের বিরোধ দেখা দেয়। টিটো সোভিয়েত আধিপত্যবাদের বিরুদ্ধে প্রতিবাদ করে সোভিয়েত ব্লক থেকে বেরিয়ে যান। তিনি তৃতীয় বিশ্বের দেশগুলোকে নিয়ে জোটনিরপেক্ষ আন্দোলনের জন্ম দেন।




যুগোশ্লাভিয়া ছিল ৬টি রিপাবলিক (বসনিয়া ও হার্জেগোভিনা, ক্রোয়েশিয়া, মেসিডোনিয়া, মন্টিনিগ্রো, শ্লোভেনিয়া এবং সার্বিয়া) ও ২টি স্বায়ত্তশাসিত প্রদেশ (কসোভো এবং ভজভোডিনা) এর সমন্বয়ে গঠিত একটি ফেডারেল রাষ্ট্র। দেশটির পুরো জনসংখ্যার মাঝে সার্বরা (খ্রিষ্টান ধর্মাবলম্বী) ছিল সংখ্যাগরিষ্ঠ। তারা দেশটির অর্থনীতি ও রাজনীতি নিয়ন্ত্রণ করতো। প্রেসিডেন্ট টিটো বিভিন্ন রিপাবলিককে একটি ফেডারেল রাষ্ট্র কাঠামোয় একত্রিত রাখতে সমর্থ হলেও, টিটু পরবর্তী নেতৃত্ব জাতিগত দ্বন্দ্ব নিরসনে ব্যর্থ হয়। সার্বদের একক নেতৃত্ব করার প্রবণতা রিপাবলিকগুলোকে স্বাধীনতার দিকে ঠেলে দেয়। ১৯৯১ সালে ক্রোয়েশিয়া, শ্লোভেনিয়া এবং মেসিডোনিয়া স্বাধীনতা ঘোষণা করে। আর মুসলিম অধ্যুষিত বসনিয়া ও হার্জেগোভিনা স্বাধীনতা ঘোষণা করে ১৯৯২ সালে। বসনিয়া ও হার্জেগোভিনা এবং ক্রোয়েশিয়ায় সশস্ত্র আক্রমণ শুরু করে সার্বরা। লক্ষ লক্ষ মুসলমান ঘরছাড়া হয় অথবা গণহত্যার শিকার হয়। পরিস্থিতি মোকাবেলায় বসনিয়া ও হার্জেগোভিনা এবং ক্রোয়েশিয়ায় জাতিসংঘের শান্তিরক্ষী মিশন UNPROFOR (United Nations Protection Force) প্রেরণ করা হয়। ১৯৯৫ সালের নভেম্বরে মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটনের মধ্যস্থতায় যুদ্ধরত পক্ষসমূহ (বসনিয়া ও হার্জেগোভিনা, ক্রোয়েশিয়া এবং সার্বিয়া) যুক্তরাষ্ট্রের ওহিও রাজ্যের ডেটনে একটি শান্তি চুক্তির ব্যাপারে মতৈক্যে পৌঁছায়। ১৪ ডিসেম্বর, ১৯৯৫ ফ্রান্সের প্যারিসে চুক্তিটি স্বাক্ষরিত হয় - যা *ডেটন শান্তি চুক্তি* নামে পরিচিতি পায়। ফলে এই যুদ্ধের অবসান হয়।




*সাবেক যুগোশ্লাভিয়ার ৬টি প্রজাতন্ত্র এবং ২টি স্বায়ত্তশাসিত অঞ্চল (এর সীমারেখা ——)*

১৯৯২ সালে যুগোশ্লাভিয়ার বিলুপ্তির সময় কসোভো সার্বিয়ার অন্তর্ভুক্ত হয়। কিন্তু শুরু থেকেই কসোভা আলাদা হয়ে যাওয়ার আন্দোলন শুরু করে। আন্দোলন থামাতে কসোভোর সংখ্যাগুরু আলবেনীয় মুসলিমদের নির্বিচারে হত্যা করে সার্বরা। কুমানোভো চুক্তি (১৯৯৯ খ্রি.) এর মাধ্যমে এই যুদ্ধের অবসান হয় এবং জাতিসংঘ প্রশাসন কসোভোর দায়িত্ব নেয়। এর প্রায় এক দশক পরে ২০০৮ সালে কসোভো স্বাধীনতা ঘোষণা করে।

#### চেকোশ্লোভাকিয়ার বিভাজন

১ জানুয়ারি, ১৯৯৩ চেকোশ্লোভাকিয়া বিভক্ত হয়ে ২টি রাষ্ট্রের (চেক প্রজাতন্ত্র এবং শ্লোভাকিয়া) জন্ম হয়। শান্তিপূর্ণ এই বিভাজন 'মখমল বিবাহবিচ্ছেদ' (Velvet Divorce) নামে পরিচিত।

Scanned with CamScanner

## MCQ Solution

১. **মার্শাল টিটো কোন দেশের নাগরিক?** [ইবি (খ ইউনিট): ০৭-০৮]
ক) বুলগেরিয়া খ) তুরস্ক
গ) আলজেরিয়া ঘ) যুগোস্লাভিয়া **উত্তর: ঘ**

২. **বসনিয়া হার্জেগোভিনাকে বিভক্তকারী নদীটির নাম-** [BREB- এর সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ক) দ্রিনা গ) দ্রাভা
খ) তিয়া ঘ) দানিউব **উত্তর: ক**
ব্যাখ্যা: বসনিয়া এন্ড হার্জেগোভিনা থেকে সার্বিয়াকে বিভক্তকারী সীমান্তবর্তী নদী দ্রিনা।

৩. **বসনিয়া- হার্জেগোভিনা স্বাধীনতা ঘোষণা করে–** [সমাজসেবা অধিদপ্তরের সমাজ কল্যাণ সংগঠক: ০৫]
ক) ১৯৮৯ সালে খ) ১৯৯০ সালে
গ) ১৯৯১ সালে ঘ) ১৯৯২ সালে **উত্তর: ঘ**

৪. **UNPROFOR নামের জাতিসংঘ শান্তিরক্ষীদের কোন দেশের মাটিতে নিয়োগ করা হয়েছিল?** [ঢাবি (ঘ ইউনিট): ৯৫-৯৬]
ক) ইরাক-ইরান সীমান্ত খ) বসনিয়া-হার্জেগোভিনা
গ) সোমালিয়া ঘ) প্যালেস্টাইন **উত্তর: খ**

৫. **কোন চুক্তি অনুসারে বসনিয়া সংকট সমাধানে পথ সুগম হয়েছিল?** [২০তম বিসিএস]
ক) জেনেভা চুক্তি খ) ম্যাচট্রিচট চুক্তি
গ) ডেটন চুক্তি ঘ) প্যারিস চুক্তি **উত্তর: গ**

৬. **'ডেটন চুক্তি' স্বাক্ষরিত হয় কোন শহরে?** [জবি (খ ইউনিট): ১৩-১৪]
ক) আলাক্সা খ) নিউইয়র্ক
গ) প্যারিস ঘ) মিউনিখ **উত্তর: গ**

৭. **বসনিয়ায় যুদ্ধবিরতি স্বাক্ষরের মধ্যস্থতাকারী কে?** [২৮তম বিসিএস]
ক) বিল ক্লিনটন খ) জিমি কার্টার
গ) নিক্সন ঘ) রিগান **উত্তর: ক**

১১. **'মোসাদ' এর সদর দপ্তর কোথায় অবস্থিত?** [NSI-এর ফিল্ড অফিসার: ২০]
ⓚ বে-এরশেভা ⓛ জেরুজালেম
ⓜ হাইফা ⓝ তেল আবিব **উত্তর: ঘ**

১২. **ফেয়ার ফ্যাক্স কী?** [২৮তম বিসিএস]
ⓚ সংবাদ সংস্থা ⓛ পরিবেশ সংস্থা
ⓜ গোয়েন্দা সংস্থা ⓝ মানবাধিকার সংস্থা **উত্তর: গ**

১৩. **ফেয়ার ফ্যাক্স হলো-** [BREB- এর সহকারী পরিচালক (প্রকৌশল): ১৮]
ⓚ মার্কিন প্রেসিডেন্ট ব্যবহৃত একটি অতি গোপন সংকেত
ⓛ ফ্যাক্সের প্রেরকযন্ত্রের অতি আধুনিক সংস্করণ
ⓜ যুক্তরাষ্ট্রের একটি গোয়েন্দা সংস্থা
ⓝ ইতালির একটি বার্তা সংস্থা **উত্তর: গ**

১৪. **নাইচো কোন দেশের গোয়েন্দা সংস্থা -** [ঢাবি (খ ইউনিট): ১০-১১]
ⓚ আমেরিকা ⓛ জাপান
ⓜ ইন্দোনেশিয়া ⓝ ইসরায়েল **উত্তর: ঘ**

Scanned with CamScanner

১৫. **KGB কোন দেশের গোয়েন্দা সংস্থা?** [পানি উন্নয়ন বোর্ডে অফিস সহকারী: ২২]

ⓚ ফ্রান্স ⓛ জার্মানি
ⓜ কানাডা ⓝ রাশিয়া **উত্তর: ঘ**

১৬. **'ইউনিট ২৯১৫৫'- কোন দেশের সশস্ত্র বাহিনীর গোয়েন্দা সংস্থা?** [অভ্যন্তরীন নৌ পরিবহন কর্তৃপক্ষ তত্ত্বাবধায়ক : ২৩]

**উত্তর:** রাশিয়া।

১৭. **ফ্রান্সের গোয়েন্দা সংস্থার নাম কি?** [সমবায় অধিদপ্তর এর সহকারী পরিদর্শক ২৩]

ⓚ DGSE ⓛ FSEG
ⓜ DGFI ⓝ FGSE **উত্তর: ক**

১৮. **ASIO কোন দেশের গোয়েন্দা সংস্থা?** [NSI- ফিল্ড অফিসার: ২৩]

ⓚ অস্ট্রিয়া ⓛ অস্ট্রেলিয়া
ⓜ আর্মেনিয়া ⓝ আর্জেন্টিনা **উত্তর: খ**

১৯. **ব্ল্যাক ওয়াটার একটি-** [রাবি (মার্কেটিং): ০৭-০৮]

ⓚ চুক্তি ⓛ গোয়েন্দা সংস্থার নাম
ⓜ নিরাপত্তা সংস্থার নাম ⓝ বিষাক্ত দ্রবণ **উত্তর: গ**

## ইন্টারপোল (Interpol)

| | |
|---|---|
| ভূমিকা | আন্তর্জাতিক পুলিশ সংস্থা |
| দাপ্তরিক নাম | International Criminal Police Organization (ICPO) |
| প্রতিষ্ঠাকাল | ৭ সেপ্টেম্বর, ১৯২৩ |
| সদর দপ্তর | লিও, ফ্রান্স (Lyon, France) |

**স্কটল্যান্ড ইয়ার্ড** (Scotland Yard) যুক্তরাজ্যের মেট্রোপলিটন পুলিশ সার্ভিসের সদর দপ্তর। এটি লন্ডনের ওয়েস্ট মিনিস্টার সিটিতে অবস্থিত।

## MCQ Solution

১. **ইন্টারপোল কী?** [জাবি (খ ইউনিট): ১৬-১৭]

ⓚ আন্তর্জাতিক পুলিশ সংস্থা
ⓛ আন্তর্জাতিক রাজনৈতিক সংস্থা
ⓜ আন্তর্জাতিক বাজার উন্নয়ন সংস্থা
ⓝ আন্তর্জাতিক পোলিও নিয়ন্ত্রণ সংস্থা **উত্তর: ক**

২. **Interpol এর দাপ্তরিক (Official) নাম কী?** [বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের অফিস সহকারী: ২২]

ⓚ International Criminal Police Organization
ⓛ International Police Organization
ⓜ International Criminal Police
ⓝ International Police Agency **উত্তর: ক**

৩. **ইন্টারপোলের সদর দপ্তর কোথায়?** [২৬তম বিসিএস/২৫তম বিসিএস]

ⓚ ফ্রান্সের লিওতে
ⓛ সুইজারল্যান্ডের জেনেভায়
ⓜ থাইল্যান্ডের ব্যাংককে
ⓝ জার্মানীর বার্লিনে **উত্তর: ক**

৪. **স্কটল্যান্ড ইয়ার্ড কোথায় অবস্থিত?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১২]

ⓚ স্কটল্যান্ড ⓛ মায়ামী
ⓜ নিউইয়র্ক ⓝ লন্ডন **উত্তর: ঘ**

৫. **স্কটল্যান্ড ইয়ার্ড কোন দেশের গোয়েন্দা সংস্থা?** [ইবি (বি ইউনিট) : ০৮-০৯]

ⓚ আমেরিকা ⓛ যুক্তরাজ্য
ⓜ জার্মানি ⓝ ফ্রান্স **উত্তর: খ**

৬. **'Central Bureau of Investigation' কোন দেশে অবস্থিত?** [দুদক'র উপ-সহকারী পরিচালক : ২০]

ⓚ ভারত ⓛ যুক্তরাষ্ট্র
ⓜ সিংগাপুর ⓝ ফ্রান্স **উত্তর: ক**

Scanned with CamScanner

# মধ্যপ্রাচ্য এবং আরব বিশ্ব
Middle east and Arab World

## মধ্যপ্রাচ্য (Middle East) - ১৮টি দেশ

বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, কাতার, ওমান, ইয়েমেন, সৌদি আরব, ইরান, ইরাক, কুয়েত, জর্ডান, সিরিয়া, লেবানন, মিশর, ইসরায়েল, ফিলিস্তিন, উত্তর সাইপ্রাস, সাইপ্রাস এবং তুরস্ক।




### আরবি ভাষা

আরবি সেমিটীয় ভাষা পরিবারের সদস্য। আরবি ভাষা ২৬ টি দেশে সরকারি ভাষা হিসেবে ব্যবহৃত হয়। ব্যবহারকারীর দেশের সংখ্যার বিচারে আরবি ভাষার অবস্থান পৃথিবীতে তৃতীয়।

Scanned with CamScanner

## আরব লীগ -Arab League

| | |
|---|---|
| প্রতিষ্ঠাকাল | : ২২ মার্চ, ১৯৪৫ |
| প্রতিষ্ঠাকালীন সদস্য (৭টি) | : সৌদি আরব, ইরাক, মিশর, লেবানন, জর্ডান, সিরিয়া এবং ইয়েমেন। |
| প্রতিষ্ঠাকালীন সদর দপ্তর | : কায়রো, মিশর |

১৯৭৯ সালে মিশর-ইসরায়েল শান্তিচুক্তি স্বাক্ষরিত হলে আরবলীগে মিশরের সদস্যপদ স্থগিত করা হয় এবং সদর দপ্তর কায়রো থেকে তিউনিসে স্থানান্তর করা হয়।

১০ বছর পর ১৯৮৯ সালে মিশরের সদস্যপদ পুনর্বহাল করা হয় এবং ১৯৯০ সালে সদর দপ্তর পুনরায় কায়রোতে ফিরিয়ে আনা হয়।

পরে যোগ দেয়: আলজেরিয়া, বাহরাইন, কমোরোস, জিবুতি, কুয়েত, লিবিয়া, মৌরিতানিয়া, মরক্কো, ওমান, ফিলিস্তিন, কাতার, সোমালিয়া, সুদান, তিউনিসিয়া এবং সংযুক্ত আরব আমিরাত।

বর্তমানে মোট সদস্য রাষ্ট্র ২২টি




## MCQ Solution

১. কতগুলো রাষ্ট্র নিয়ে মধ্যপ্রাচ্য গঠিত? [সার্বজনীন নিয়োগ সহকারী শিক্ষক: ০১]
ক ২০টি   খ ১৯টি
গ ১৮টি   ঘ ১৭টি   উত্তর: গ

২. কোনটি মধ্যপ্রাচ্যের একটি দেশ? [বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশন এর উচ্চমান সহকারী: ১৭]
ক কাতার   খ নাইজেরিয়া
গ মাদাগাস্কার   ঘ আফগানিস্তান   উত্তর: ক

৩. আয়তনে মধ্যপ্রাচ্যের সবচেয়ে বড় দেশটির নাম - [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক লি. সুপারভাইজার: ১৫]
ক কাতার   খ সিরিয়া
গ ইরান   ঘ সৌদি আরব   উত্তর: ঘ

৪. সীমান্ত বিবেচনায় সৌদি আরবের ক্ষেত্রে প্রযোজ্য নয় - [জবি (বি ইউনিট): ২০-২১]
ক কাতার   খ সিরিয়া
গ জর্ডান   ঘ ইরাক   উত্তর: খ

৫. কোনটি মধ্যপ্রাচ্যের দেশ নয়? [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক ইরান   খ কাতার
গ ইয়েমেন   ঘ কাজাখস্তান   উত্তর: ঘ

৬. মধ্যপ্রাচ্যের অনারব দেশ- [বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর অফিস সহকারী : ২১]
ক ইরান ও মিশর   খ তুরস্ক ও সিরিয়া
গ তুরস্ক ও ইরান   ঘ ইরান ও ইরাক   উত্তর: গ

Scanned with CamScanner

৭. **লোহিত সাগরের তীরবর্তী আরব দেশ** - [জাবি (সিও): ১৫-১৬]
ⓚ সৌদি আরব ⓚ ইরান
ⓖ সিরিয়া ⓖ ইরাক **উত্তর: ক**

৮. **মিশর ও সৌদি আরবকে বিভাজনকারী সাগর**- [NIPORT অফিস সহকারী: ২৩]
ⓚ আরব সাগর ⓚ লোহিত সাগর
ⓖ বাল্টিক সাগর ⓖ কৃষ্ণ সাগর **উত্তর: খ**

৯. **কোন দেশের সাথে সিরিয়া তার সীমানা ভাগ করে না?** [রাবি (বি-৩ ইউনিট): ২০-২১]
ⓚ লেবানন ⓚ ইরান
ⓖ তুরস্ক ⓖ জর্ডান **উত্তর: খ**

১০. **সেমীয় ভাষা কোনটি?** [ঢাবি (খ ইউনিট): ১৩-১৪]
ⓚ আরবি ⓚ উর্দু
ⓖ ফরাসি ⓖ ফারসি **উত্তর: ক**

১১. **ব্যবহারকারীর দেশ হিসেবে আরবি ভাষার অবস্থান**- [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার: ১৭]
ⓚ প্রথম ⓚ দ্বিতীয়
ⓖ তৃতীয় ⓖ চতুর্থ **উত্তর: গ**

১২. **আরব লীগ কখন প্রতিষ্ঠিত হয়?** [৩৬তম বিসিএস]
ⓚ ১৯৪০ সালের ২০ ফেব্রুয়ারি
ⓚ ১৯৪২ সালের ২০ জানুয়ারি
ⓖ ১৯৪৪ সালের ২২ মার্চ
ⓖ ১৯৪৫ সালের ২২ মার্চ **উত্তর: ঘ**

১৩. **প্রতিষ্ঠাকালীন আরব লীগের সদর দপ্তর কোথায় ছিল?** [পাবলিক সার্ভিস কমিশনের সহকারী পরিচালক: ৯৪]
ⓚ তিউনিস ⓚ কায়রো
ⓖ রাবাত ⓖ দামেস্ক **উত্তর: খ**

১৪. **আরবলীগের সদর দপ্তর কোথায় অবস্থিত?** [১৫বিসিএস]
ⓚ তিউনিস ⓚ কায়রো
ⓖ রাবাত ⓖ জেদ্দা **উত্তর: খ**

১৫. **আরব লীগের প্রতিষ্ঠাতা সদস্য দেশ নয়?** [২৫তম বিসিএস]
ⓚ মিশর ⓚ সংযুক্ত আরব আমিরাত
ⓖ লেবানন ⓖ ইয়েমেন **উত্তর: খ**

১৬. **Which country was suspended from the Arab League for 10 years from 1979?** [Sonali Bank Ltd (Executive Officer): 17]
ⓐ Egypt ⓑ Iraq
ⓒ Jordan ⓓ Syria **Ans. a**

১৭. **কোন দেশটি আরব লীগের সদস্য নয়?** [১৪তম বিসিএস]
ⓚ জর্ডান ⓚ লেবানন
ⓖ ইরান ⓖ বাহরাইন **উত্তর: গ**

## আরব-ইসরায়েল সংঘাত

**বেলফোর ঘোষণা (১৯১৭ খ্রি.):** ১৯১৭ খ্রিষ্টাব্দের ২ নভেম্বর ব্রিটিশ পররাষ্ট্র মন্ত্রী আর্থার জেমস বেলফোরের লিখিত একটি ঘোষণাপত্র বেলফোর ঘোষণা নামে পরিচিত। এতে প্যালেস্টাইনে একটি ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠার অঙ্গীকার করা হয়।

**প্রথম আরব-ইসরায়েল যুদ্ধ (১৯৪৮ - ৪৯ খ্রি.):** ১৪ মে, ১৯৪৮ ফিলিস্তিনিদের মাতৃভূমিতে সম্পূর্ণ অবৈধভাবে ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়। মার্কিন প্রেসিডেন্ট হ্যারি ট্রুম্যান তৎক্ষণাৎ ইসরায়েলকে স্বীকৃতি দেন। কয়েকটি আরব দেশ একত্রিত হয়ে যুদ্ধে লিপ্ত হয় ইসরায়েলের বিপক্ষে। ইসরায়েল পশ্চিমা বিশ্বের সমর্থনে জয়ী হয়। ১৯৪৯ সালে জাতিসংঘের মধ্যস্থতায় যুদ্ধবিরতি কার্যকর হয়। আরব ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতি রেখা 'গ্রিন লাইন' (Green Line) চিহ্নিত করা হয়।

**দ্বিতীয় আরব-ইসরায়েল যুদ্ধ বা সুয়েজ সঙ্কট (১৯৫৬ খ্রি.):** মিশরের প্রেসিডেন্ট জামাল আব্দেল নাসের ১৯৫৬ সালে সুয়েজ খালের জাতীয়করণ করেন। খালটির ওপর পশ্চিমা নিয়ন্ত্রণ পুনঃপ্রতিষ্ঠা করার লক্ষ্যে ১৯৫৬ সালে ইসরায়েল, ব্রিটেন এবং ফ্রান্স মিশর আক্রমণ করে। মিশরীয়রা পরাজিত হয় তবে তারা খাল দিয়ে জাহাজ চলাচল বন্ধ করে দেয়। এই ঘটনা সুয়েজ সংকট বা ত্রিপক্ষীয় আগ্রাসন নামে পরিচিত। ১৯৫৬ সালের অক্টোবর থেকে ১৯৫৭ সালের মার্চ পর্যন্ত সুয়েজ খাল বন্ধ ছিল। যুক্তরাষ্ট্র, সোভিয়েত ইউনিয়ন এবং জাতিসংঘ তিন আক্রমণকারী পক্ষকে সরে আসতে বাধ্য করে।

**ইউনাইটেড আরব রিপাবলিক (১৯৫৮ - ১৯৬১ খ্রি.):** মিশর ও সিরিয়া ১৯৫৮ সালে একত্রিত হয়ে United Arab Republic (UAR) গঠন করে। এর রাজধানী ছিল কায়রোতে।

**পিএলও প্রতিষ্ঠা (১৯৬৪ খ্রি.):** প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন (Palestine Liberation Organization) সংক্ষেপে পি.এল.ও (PLO) একটি স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র গঠনের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়। ১৯৭৪ সাল থেকে পি.এল.ও জাতিসংঘের পর্যবেক্ষকের মর্যাদা ভোগ করছে। পি.এল.ও এর সদর দপ্তর ফিলিস্তিনের পশ্চিম তীরের রামাল্লার অদূরে আল বিরেহ-এ অবস্থিত। ১৯৮০ ও ১৯৯০ এর দশকে পূর্ব জেরুজালেমের ওরিয়েন্ট হাউস (Orient House) সংগঠনটির সদর দপ্তর হিসেবে ব্যবহৃত হতো। ফাতাহ হলো প্যালেস্টাইন ন্যাশনাল লিবারেশন মুভমেন্টের আরবি অনুবাদের বিপরীত সংক্ষিপ্ত রূপ এবং ফিলিস্তিনের বৃহত্তম ধর্মনিরপেক্ষ রাজনৈতিক দল। এই দলটি পিএলও (প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন) প্রধান চালিকা শক্তি।



**ইয়াসির আরাফাত**

১৯২৯ সালে মিশরের কায়রোতে জন্মগ্রহণ করেন। ১৯৬৯ সালে PLO এর চেয়ারম্যান নির্বাচিত হন। ১৯৯৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। ২০০৪ সালে ফ্রান্সের প্যারিসে মৃত্যুবরণ করেন। পশ্চিম তীরের রামাল্লায় তাঁকে সমাহিত করা হয়।

Scanned with CamScanner


ভূমধ্য সাগর
আবাসিয়া
গাজা ভূখণ্ড
খান ইউনুস
রাফাহ ক্রসিং
ইসরায়েল
মিশর
লেবানন
গোলান মালভূমি
সিরিয়া
পশ্চিম তীর (West Bank)
নাবলুস
তেল আবিব
রামাল্লা
জেরিকো
জেরুজালেম
বেথেলহাম
ফিলিস্তিন
মৃত সাগর
ভূ ম ধ্য সা গ র
গাজা ভূখণ্ড
ইসরায়েল
জর্ডান
সুয়েজ খাল
মি শ র
সিনাই উপদ্বীপ
সুয়েজ উপসাগর
আকাবা উপসাগর
সৌদি আরব
শারম আল শেখ
লোহিত সাগর

**তৃতীয় আরব-ইসরায়েল যুদ্ধ বা ছয় দিনের যুদ্ধ (১৯৬৭ খ্রি.)** এই যুদ্ধে ইসরায়েল জয়লাভ করে। এ সময় ইসরায়েলের প্রতিরক্ষা মন্ত্রী ছিলেন মোশে দায়ান।

- ইসরায়েল মিশরের গাজা এবং সিনাই উপদ্বীপ দখল করে নেয়। শারম আল শেখ লোহিত সাগরের তীরবর্তী সিনাই উপদ্বীপের দক্ষিণে অবস্থিত একটি শহর ও অবকাশ কেন্দ্র।
- গোলান মালভূমি সিরিয়া-ইসরায়েল সীমান্তে অবস্থিত। ইসরায়েল গোলান মালভূমির দুই-তৃতীয়াংশ দখল করে নেয়। গোলান মালভূমিতে সিরিয়া-ইসরায়েলের যুদ্ধবিরতি রেখা পার্পল লাইন (Purple Line) নামে পরিচিত।
- ইসরায়েল জর্ডানের পশ্চিম তীর (পূর্ব জেরুজালেমসহ) দখল করে নেয়।

**চতুর্থ আরব-ইসরায়েল যুদ্ধ বা ইয়ম কিপ্পুর যুদ্ধ বা প্রথম তেল সংকট (১৯৭৩ খ্রি.)**: মধ্যপ্রাচ্যের প্রধান রপ্তানি পণ্য তেল (Petroleum)। ১৯৭৩ সালের ১৭ অক্টোবর আরব তেল রপ্তানিকারক দেশগুলোর সংগঠন OAPEC আরব-ইসরায়েল যুদ্ধের প্রতিক্রিয়া হিসেবে ঘোষণা করে যে, ইসরায়েলকে সমর্থনকারী কোনো দেশে তারা তেল সরবরাহ করবেনা। এই ঘোষণার পরিপ্রেক্ষিতে মার্কিন যুক্তরাষ্ট্র, পশ্চিম ইউরোপ এবং জাপানে তেল সরবরাহ বন্ধ হয়ে যায়। খনিজ তেলের উপর শিল্পোন্নত দেশসমূহের নির্ভরতার সুযোগে ওপেকের সদস্য রাষ্ট্রসমূহ একচেটিয়াভাবে তেলের দাম বাড়িয়ে দেয়। ফলে পশ্চিমা বিশ্বের অর্থনীতিতে সংকটের সূচনা হয়। যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ইসরায়েল সিনাই উপত্যকা এবং গোলান মালভূমি থেকে সৈন্য প্রত্যাহারের অঙ্গীকার করলে ওপেক ১৯৭৪ সালের মার্চ মাসে তেল নিষেধাজ্ঞা উঠিয়ে নেয়।

**ক্যাম্প ডেভিড চুক্তি (১৯৭৮ খ্রি.)**: মিশর এব্যাংকেবং ইসরায়েলের মধ্যে ঐতিহাসিক 'ক্যাম্প ডেভিড চুক্তি' স্বাক্ষরিত হয়। ক্যাম্প ডেভিড যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড অঙ্গরাজ্যে অবস্থিত মার্কিন রাষ্ট্রপতিদের বিশ্রামের স্থান। তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জিমিকার্টার এই চুক্তির মধ্যস্থতা করেন। মিশরের প্রেসিডেন্ট আনোয়ার সাদাত এবং ইসরায়েলি প্রধানমন্ত্রী মেনাখেম বেগিন যৌথভাবে নোবেল শান্তি পুরস্কার (১৯৭৮ খ্রি.) পান।

**মিশর-ইসরায়েল শান্তি চুক্তি (১৯৭৯ খ্রি.)**: মিশর ইসরায়েলকে স্বীকৃতি দেয়। ইসরায়েল মিশরকে সিনাই উপদ্বীপ ফেরত দেয়।

**হামাস প্রতিষ্ঠা (১৯৮৭ খ্রি.)**: ইসরায়েলি দখলদারিত্বের বিরুদ্ধে ফিলিস্তিনি গণজাগরণ বা প্রথম ইন্তিফাদার মাধ্যমে ১৯৮৭ সালে হামাস প্রতিষ্ঠিত হয়। হামাস এর প্রতিষ্ঠাতা ছিলেন ফিলিস্তিনি ইসলামি পণ্ডিত শেখ আহমদ ইয়াসিন। সে সময় হামাস মিশরের মুসলিম ব্রাদারহুডের ফিলিস্তিনি শাখা হিসেবে পরিচিত ছিল।

**ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠা (১৯৮৮ খ্রি.)**: আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সে জেরুজালেমকে রাজধানী করে স্বাধীন প্যালেস্টাইন রাষ্ট্রের ঘোষণা দেওয়া হয়। এ সময় ঘোষিত ফিলিস্তিন রাষ্ট্র পুরোপুরিভাবে ইসরায়েলের নিয়ন্ত্রণে ছিল। আলজেরিয়া স্বাধীন প্যালেস্টাইন রাষ্ট্রকে প্রথম স্বীকৃতি দেয়। OIC-ভুক্ত সকল দেশ (ক্যামেরুন ব্যতীত) সহ বিশ্বের অধিকাংশ দেশ ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে।

**অসলো চুক্তি (১৯৯৩ খ্রি.)** : নরওয়ের রাজধানী অসলোতে গোপন বৈঠকের মাধ্যমে পি.এল.ও এবং ইসরায়েল একটি চুক্তির ব্যাপারে একমত হয়। ১৩ সেপ্টেম্বর, ১৯৯৩ যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে আনুষ্ঠানিকভাবে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এটি অসলো চুক্তি (Oslo Accord) নামে পরিচিত। এ চুক্তির মাধ্যমে ইসরায়েল ও PLO পরস্পরকে স্বীকৃতি দেয়। ফিলিস্তিনিদের স্বায়ত্তশাসনের রোডম্যাপ প্রণয়ন করা হয় কিন্তু স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র সম্পর্কে ইসরায়েলের পক্ষ থেকে কোনো স্বীকৃতি মেলেনি।

**জর্ডান-ইসরায়েল শান্তি চুক্তি (১৯৯৪ খ্রি.)** : দ্বিতীয় আরব দেশ হিসাবে জর্ডান ইসরায়েলের সাথে শান্তিচুক্তি স্বাক্ষর করে এবং তাদের মধ্যে পারস্পারিক কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয়।

**অন্তর্বর্তীকালীন চুক্তি (১৯৯৫ খ্রি.)**: ইসরায়েল ও PLO এর মধ্যে গাজা ও পশ্চিম তীর সম্পর্কিত অন্তর্বর্তীকালীন চুক্তি (Interim Agreement on the West Bank and the Gaza Strip) স্বাক্ষরিত হয়। এই চুক্তির ফলে গাজা ও পশ্চিম তীরে সীমিত আকারে ফিলিস্তিনি জনগণের স্ব-শাসন প্রতিষ্ঠিত হয়। প্যালেস্টাইন ন্যাশনাল অথরিটি (PNA) এই অংশে প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করে এবং রামাল্লাকে প্রশাসনিক রাজধানী হিসাবে ব্যবহার করে।

**উই রিভার চুক্তি** (Wye River Memorandum) স্বাক্ষরিত হয় ২৩ অক্টোবর, ১৯৯৮। পিএলও এবং ইসরায়েলের মধ্যে সম্পাদিত চুক্তিটির আলোচনা সম্পন্ন হয় যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড অঙ্গরাজ্যের উই রিভারে।

**লেবাননে ইসরায়েলি আগ্রাসন (২০০৬ খ্রি.)**: ২০০০ সালে জাতিসংঘ লেবানন ও ইসরায়েলের মধ্যবর্তী সীমানা হিসেবে 'ব্লু লাইন' (Blue Line) চিহ্নিত করে। ২০০৬ সালে ইসরায়েল লেবাননভিত্তিক গেরিলা সংগঠন 'হিজবুল্লাহ' কে ধ্বংস করার ঘোষণা দিয়ে দক্ষিণ লেবাননে পুনরায় আগ্রাসন চালায়।

- *ফোর্স-১৭ (Force 17)* ফিলিস্তিনি ফাতাহ আন্দোলনের কমান্ডো এবং বিশেষ অপারেশন ইউনিট।
- *ব্ল্যাক সেপ্টেম্বর সংস্থা* (Black September Organization) ১৯৭০ সালে গঠিত ফিলিস্তিনের একটি গেরিলা সংগঠন।

Scanned with CamScanner

**গাজা যুদ্ধ (২০০৭ খ্রি.) :** ফিলিস্তিনি জনগণের প্রতিনিধিত্বকারী প্রধান দুটি রাজনৈতিক দল ফাতাহ এবং হামাসের মধ্যে কয়েক দশক ধরে মতবিরোধ চলছে। ফাতাহ ইসরায়েলের সাথে আলোচনার মাধ্যমে দ্বি-রাষ্ট্র (ইসরায়েল ও ফিলিস্তিন) সমাধানে বিশ্বাসী পক্ষান্তরে হামাস সশস্ত্র সংগ্রামের মাধ্যমে ফিলিস্তিনের পূর্ণ স্বাধীনতার পক্ষে। ২০০৭ সালে তাদের এই দ্বন্দ্ব চূড়ান্ত পর্যায়ে পৌঁছায়। ৪১ কিমি দীর্ঘ সরু গাজা উপত্যকা থেকে ফাতাহকে হটিয়ে গাজার নিয়ন্ত্রণ নেয় হামাস। ফলে ফিলিস্তিনের দুই অংশ - পশ্চিম তীর ফাতাহ আর গাজা হামাসের শাসনে চলে যায়। এরপর থেকেই গাজা উপত্যকায় অবরোধ আরোপ করে ইসরায়েল। ফাতাহ ফিলিস্তিন কর্তৃপক্ষের প্রধান হিসেবে আন্তর্জাতিক স্বীকৃতি পায়।

**আরব-ইসরায়েল সম্পর্কের নতুন মেরুকরণ :** ইসরায়েলকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ তুরস্ক (সময়কাল: ১৯৪৯ খ্রি.)। আরব দেশসমূহের মধ্যে প্রথম ইসরায়েলকে স্বীকৃতি দেয় মিশর (১৯৭৯ খ্রি.)। ১৯৯৪ সালে জর্ডান-ইসরায়েলের মধ্যে শান্তিচুক্তি স্বাক্ষরিত হলে দ্বিতীয় আরব দেশ হিসেবে ইসরায়েলকে স্বীকৃতি দেয় জর্ডান। ২০২০ সালের ১৫ সেপ্টেম্বর হোয়াইট হাউসে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় ইসরায়েলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের লক্ষ্যে 'আব্রাহাম অ্যাকর্ডস' চুক্তি স্বাক্ষর করে আরব দেশ সংযুক্ত আরব আমিরাত এবং বাহরাইন। একই বছর ইসরায়েলের সাথে সম্পর্ক স্বাভাবিক করার ঘোষণা দেয় আরব দেশ সুদান ও মরক্কো।

**গাজায় ইসরায়েলি আগ্রাসন (২০২৩ - চলমান) :** দীর্ঘ ১৬ বছরের গাজা অবরোধের প্রতিবাদে ৭ অক্টোবর, ২০২৩ হামাসের সশস্ত্র শাখা আল-ক্বাসাম ব্রিগেড ইসরায়েলে অতর্কিত হামলা (সাংকেতিক নাম : অপারেশন আল-আকসা ফ্লাড) চালায়। জবাবে Operation Iron Swords সাংকেতিক নামে গাজায় সামরিক অভিযান শুরু করে ইসরায়েল। গাজার নিরস্ত্র নিরপরাধ বেসামরিক ফিলিস্তিনিদের বিরুদ্ধে ব্যাপক গণহত্যা শুরু করে ইসরায়েল। ইসরায়েলি হামলায় ধ্বংসস্তূপে পরিণত হয় গাজা শহর, খান ইউনিসসহ সমগ্র গাজা উপত্যকা। গাজায় গণহত্যার অভিযোগ এনে ইসরায়েলের বিরুদ্ধে আন্তর্জাতিক আদালতে (ICJ) মামলা করে দক্ষিণ আফ্রিকা। আদালতে গাজায় গণহত্যার অভিযোগে অভিযুক্ত হয় ইসরায়েল। বেসামরিক ফিলিস্তিনিদের গাজা ত্যাগ করার একমাত্র স্থলপথ রাফাহ ক্রসিংয়েরও নিয়ন্ত্রণ নেয় ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ)। রাফা ক্রসিংয়ের একপাশে গাজা এবং অন্য পাশে মিসরের সিনাই উপদ্বীপ। ফলে গাজায় ব্যাপক মানবিক বিপর্যয় দেখা দেয়।

## MCQ Solution

১. **'বেলফোর' ঘোষণা কোন রাষ্ট্রের প্রতিষ্ঠার সঙ্গে সম্পর্কিত?** [চবি (বি২ উপ-ইউনিট) : ২৪-২৫/ BPSC'র সিনিয়র স্টাফ নার্স : ২৪]
ক) পাকিস্তান খ) কসোভো
গ) ইসরায়েল ঘ) কিউবা **উত্তর: গ**

২. **প্রথম বিশ্বযুদ্ধ চলাকালে 'বেলফোর ঘোষণা'র মূল প্রতিপাদ্য ছিল?** [বাংলাদেশ সরকারি কর্মকমিশনের ইন্সট্রাক্টর : ২৩]
ক) মধ্যপ্রাচ্যে ইহুদিদের জন্য একটি জাতি রাষ্ট্র প্রতিষ্ঠা
খ) আরব ও ইহুদিদের মধ্যে শান্তি স্থাপনের ঘোষণা
গ) মধ্যপ্রাচ্যে আরব সংহতি রক্ষার ঘোষণা
ঘ) আরব ও ইহুদিদের সংঘর্ষের ঘোষণা **উত্তর: ক**

৩. **প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীন বেলফোর ঘোষণা ১৯১৭ এর মূল প্রতিপাদ্য ছিল -** [৩৫তম বিসিএস]
ক) জার্মানির বিরুদ্ধে মিত্র শক্তির নতুন কৌশল অবলম্বন
খ) অটোমানদের জায়গা দখল করা
গ) ইহুদিদের জন্য একটি জাতি রাষ্ট্র গঠন
ঘ) জাতিপুঞ্জ সৃষ্টি করা **উত্তর: গ**

৪. **ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠার প্রতিশ্রুতি সম্বলিত 'বেলফোর ঘোষণা' কখন দেয়া হয়েছিল?** [পররাষ্ট্র মন্ত্রণালয় প্রশাসনিক কর্মকর্তা: ০১]
ক) ১৯১৪ খ) ১৯১৭
গ) ১৯৩৯ ঘ) ১৯৪৮ **উত্তর: খ**

৫. **বেলফোর ঘোষণার বেলফোর কে ছিলেন?** [বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর অফিস সহকারী : ২৫]
উত্তর: ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী।

৬. **কোন সনে ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠার কথা ঘোষণা করা হয়?** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ক) ১৯১৭ খ) ১৯৩৩
গ) ১৯৬২ ঘ) ১৯৬৭ **উত্তর: ক**

৭. **ইসরায়েল রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা কে?** [BPSC ইলেকট্রিক্যাল ইন্সপেক্টর : ২৩]
ক) আর্থার বেলোফার খ) ব্যারন এডমন্ড বথচাইল্ড
গ) মোনাটেম বেগিন ঘ) থিওডোর হার্জেল **উত্তর: ঘ**

৮. **প্যালেস্টাইনে ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠা করা হয়েছিল -** [চবি (ডি ইউনিট): ০৪-০৫]
ক) প্রথম বিশ্বযুদ্ধের পর
খ) আরব-ইসরায়েল যুদ্ধের পর
গ) কোরীয় যুদ্ধের পরে
ঘ) দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর **উত্তর: ঘ**

৯. **স্বাধীন ইসরায়েল রাষ্ট্র কোন সনে ঘোষণা দেয়া হয়?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজ কল্যাণ সংগঠক: ০৫]
ক) ১৯৪৬ খ) ১৯৪৭
গ) ১৯৪৮ ঘ) ১৯৫০ **উত্তর: গ**

১০. **ফিলিস্তিনিদের মাতৃভূমিতে কখন ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়?** [২৬তম বিসিএস/ BREB এর সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর : ২৪]
ক) ১৯৪৮ খ) ১৯৫০
গ) ১৯৬৭ ঘ) ১৯৭০ **উত্তর: ক**

Scanned with CamScanner

১১. ইসরায়েলের বালফোর Declaration কত ১৯১৭ সালের কত তারিখে? [illegible]
(ক) ১০ (খ) ১৬
(গ) ১৪ (ঘ) ১৭ উত্তর: গ

১২. ইসরায়েলকে কোন দেশ প্রথম স্বীকৃতি দেয়? [illegible]
(ক) যুক্তরাজ্য (খ) জার্মানি
(গ) ফ্রান্স (ঘ) যুক্তরাষ্ট্র উত্তর: ঘ

১৩. আরব ইসরায়েল যুদ্ধ হয় কত বার? [illegible]
(ক) ৩ বার (খ) ৪ বার
(গ) ৫ বার (ঘ) ৬ বার উত্তর: খ

১৪. মিশর সুয়েজ খাল জাতীয়করণ করেছিল- [illegible]
(ক) ১৯৫৬ সালে (খ) ১৯৫৫ সালে
(গ) ১৯৫৪ সালে (ঘ) ১৯৫২ সালে উত্তর: ক

১৫. মিশর ও সিরিয়া কত সালে একত্রিত হয়ে ইউনাইটেড আরব রিপাবলিক গঠন করেছিল? [illegible]
(ক) ১৯৫৭ (খ) ১৯৫২
(গ) ১৯৫৩ (ঘ) ১৯৫৮ উত্তর: ঘ

১৬. UAR - এর পূর্ণরূপ কী? [illegible]
(ক) United Arab Reion
(খ) Union Arab Republic
(গ) United Arab Range
(ঘ) United Arab Republic উত্তর: ঘ

১৭. PLO'র পূর্ণরূপ কি? [illegible]
(ক) Polish Liberation Organization
(খ) People's Labour Organization
(গ) Palestine Liberation Organization
(ঘ) Public Law Office উত্তর: গ

১৮. পিএলও (PLO) কখন গঠিত হয়? [১০ম বিসিএস]
(ক) ১৯৬৪ সালে (খ) ১৯৬৫ সালে
(গ) ১৯৬৬ সালে (ঘ) ১৯৬৭ সালে উত্তর: ক

১৯. Orient House কার সদর দপ্তর? [illegible]
(ক) প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন
(খ) ব্রিটিশ লেবার পার্টি
(গ) যুক্তরাষ্ট্রের ডেমোক্রেটিক পার্টি
(ঘ) ভারতীয় জাতীয় কংগ্রেস উত্তর: ক

২০. PLO এর সদর দপ্তর কোথায়? [১০ম বিসিএস]
(ক) রামাল্লা (খ) জেনিন
(গ) গাজা (ঘ) জেরুজালেম উত্তর: ক

২১. ইয়াসির আরাফাত কোন দেশে জন্মগ্রহণ করেছিলেন? [রাবি (মার্কেটিং বিভাগ): ০৪-০৫]
(ক) প্যালেস্টাইন (খ) মিশর
(গ) ইসরায়েল (ঘ) সিরিয়া উত্তর: খ

২২. ফিলিস্তিন মুক্তি সংস্থার (PLO) প্রথম চেয়ারম্যান কে? [illegible]
(ক) [illegible] (খ) ইয়াসির আরাফাত
(গ) [illegible] (ঘ) [illegible] উত্তর: [illegible]

২৩. ইয়াসির আরাফাত কোন সালে PLO-র চেয়ারম্যান হন? [illegible]
(ক) [illegible] সালে (খ) [illegible] সালে
(গ) [illegible] সালে (ঘ) [illegible] সালে উত্তর: [illegible]

২৪. ইয়াসির আরাফাত [illegible] পুরস্কার পান কত সালে? [illegible]
(ক) [illegible] (খ) [illegible]
(গ) [illegible] (ঘ) [illegible] উত্তর: [illegible]

২৫. ইয়াসির আরাফাত মারা যান- [illegible]
(ক) জেরুজালেমে (খ) রামাল্লায়
(গ) [illegible] (ঘ) প্যারিসে উত্তর: ঘ

২৬. প্যালেস্টাইনি নেতা ইয়াসির আরাফাতকে কোথায় সমাহিত (buried) করা হয়েছে? [illegible]
(ক) জেরুজালেম (খ) জেনিনে
(গ) রামাল্লা (ঘ) গাজা উত্তর: গ

২৭. [illegible] কোন ব্যক্তি [illegible] করেছেন? [illegible]
(ক) [illegible]
(খ) ইয়াসির আরাফাত
(গ) মার্টিন লুথার কিং
(ঘ) কোনটিই নয় উত্তর: খ

২৮. রামাল্লা কোথায় অবস্থিত? [illegible]
(ক) ইরাক (খ) আফগানিস্তান
(গ) ফিলিস্তিন (ঘ) মিশর উত্তর: গ

২৯. কোনটি ফিলিস্তিন শহর নয়? [illegible]
(ক) রামাল্লা (খ) নাবলুস
(গ) বেথেলহেম (ঘ) সারায়েভো উত্তর:
ব্যাখ্যা: রামাল্লা, নাবলুস ও বেথেলহেম ফিলিস্তিনের তিনটি উল্লেখযোগ্য শহর।

৩০. আরব-ইসরায়েল যুদ্ধ হয় কত সালে? [EPSC [illegible]]
(ক) ১৯৬২ সালে (খ) ১৯৬৬ সালে
(গ) ১৯৬৭ সালে (ঘ) ১৯৬৮ সালে উত্তর: গ

৩১. ১৯৬৭ সালের আরব-ইসরায়েল যুদ্ধের স্থায়িত্ব ছিল কতদিন? [illegible]
(ক) ৩ দিন (খ) ৪ দিন
(গ) ৫ দিন (ঘ) ৬ দিন উত্তর: ঘ

৩২. ছয় দিনের যুদ্ধ যে সনে সংঘটিত হয়? [illegible]
(ক) ১৯৫৬ (খ) ১৯৬৭
(গ) ১৯৭০ (ঘ) ১৯৮২ উত্তর: খ

Scanned with CamScanner

৩৩. মোশে দায়ান কোন দেশের প্রধানমন্ত্রী ছিলেন? [সাধারণ পুলের ক্যাডার বহির্ভূত বিভিন্ন মন্ত্রণালয়ের উপসহকারী প্রোগ্রামার: ১৬]
ⓚ শ্রীলংকা ⓚ উত্তর কোরিয়া
ⓖ চীন ⓖ ইসরায়েল উত্তর:
ব্যাখ্যা: মোশে দায়ান ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ছিলেন।

৩৪. 'শারম আল শেখ' কী? [একটি বাড়ি একটি খামার প্রকল্প উপজেলা সমন্বয়কারী: ১৭]
ⓚ মিশরের প্রেসিডেন্ট ভবন
ⓚ আরব আমিরাতের প্রেসিডেন্ট প্রাসাদ
ⓖ মিশরের অবকাশ কেন্দ্র
ⓖ ভূমধ্যসাগরে অবস্থিত অবকাশ কেন্দ্র উত্তর: গ

৩৫. গোলান মালভূমি কোন দেশের অংশ? [BIWTA ট্রাফিক : ১৪]
ⓚ সিরিয়া ⓚ লেবানন
ⓖ জর্ডান ⓖ ফিলিস্তিন উত্তর: ক

৩৬. গোলান মালভূমি (Golan Heights) কোন দুই দেশের মধ্যে সংঘাতের কারণ? [জাতীয় রাজস্ব বোর্ড এর অফিস সহায়ক : ২৫]
ⓚ ইরাক-ইরান ⓚ ফিলিস্তিন-ইসরাইল
ⓖ সিরিয়া-ইসরাইল ⓖ রাশিয়া-ইউক্রেন উত্তর: গ

৩৭. ইসরায়েল কত সালে পূর্ব জেরুজালেম দখল করেছিল? [৩৫তম বিসিএস]
ⓚ ১৯৪৮ সালে ⓚ ১৯৬০ সালে
ⓖ ১৯৬৭ সালে ⓖ ১৯৭৩ সালে উত্তর: গ

৩৮. Which is the main export item of Middle East?/ মধ্যপ্রাচ্যের প্রধান রপ্তানি পণ্য কোনটি? [Pubali Bank Ltd. Senior Officer/ Officer: 11]
ⓐ Gold (সোনা) ⓑ Fish (মৎস্য)
ⓒ Camel (উট) ⓓ Petroleum (তেল)
ⓔ None of them (কোনোটিই নয়) Ans. d

৩৯. 'ইয়ম কিপ্পুর' যুদ্ধ কত সালে অনুষ্ঠিত হয়? [BIWTA এর সহকারী পরিচালক : ২০]
উত্তর: ১৯৭৩ সালে।

৪০. মধ্যপ্রাচ্যে কখন প্রথম তেলঅস্ত্র ব্যবহার করা হয়েছিল? [৩৫তম বিসিএস]
ⓚ ১৯৭৩ সালে ⓚ ১৯৮১ সালে
ⓖ ১৯৯১ সালে ⓖ ২০০৩ সালে উত্তর: ক

৪১. আরব দেশসমূহ পাশ্চাত্যের উপর প্রথম তেল অবরোধ করে- [১৩তম বিসিএস]
ⓚ ১৯৭০ সালে ⓚ ১৯৭৩ সালে
ⓖ ১৯৭৪ সালে ⓖ ১৯৭৮ সালে উত্তর: খ

৪২. ক্যাম্প ডেভিড চুক্তি কবে স্বাক্ষরিত হয়? [চবি (ঘ ইউনিট): ০৯-১০]
ⓚ ১৯৭৮ ⓚ ১৯৭৯
ⓖ ১৯৭৩ ⓖ ১৯৮১ উত্তর: ক

৪৩. মিশর-ইসরায়েলের মধ্যে ক্যাম্প ডেভিড চুক্তি হয় কোন সালে? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে হিসাব নিরীক্ষক: ১৭]
ⓚ ১৯৭২ ⓚ ১৯৮২
ⓖ ১৯৭৮ ⓖ ১৯৮৮ উত্তর: গ

৪৪. ক্যাম্প ডেভিড মার্কিন যুক্তরাষ্ট্রের কোন অঙ্গরাজ্যে অবস্থিত? [চবি (ঘ ইউনিট): ০৭-০৮]
ⓚ মেরিল্যান্ড ⓚ ভার্জিনিয়া
ⓖ কেন্টাকি ⓖ ওহাইও উত্তর: ক

৪৫. মিশর ও ইসরায়েলের মধ্যে ১৯৭৮ সালে কোন চুক্তিটি সম্পাদিত হয়? [বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ⓚ জেনেভা চুক্তি ⓚ ক্যাম্প ডেভিড চুক্তি
ⓖ প্যারিস চুক্তি ⓖ তাসখন্দ চুক্তি উত্তর: খ

৪৬. কোন দুটি আরব রাষ্ট্র ক্যাম্প ডেভিড (Camp David) চুক্তি স্বাক্ষরের ফলশ্রুতিতে ইসরায়েলের সঙ্গে পূর্ণ কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে? [৪৪তম বিসিএস]
ⓚ জর্দান ও মিশর ⓚ তিউনিসিয়া ও আলজেরিয়া
ⓖ লিবিয়া ও ওমান ⓖ কুয়েত ও বাহরাইন উত্তর: ক

৪৭. আনোয়ার সাদাত কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন? [মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা কর্মকর্তা: ০৫]
ⓚ মিশর ⓚ লেবানন
ⓖ বেনিন ⓖ সুদান উত্তর: ক

৪৮. স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রের রাজধানী ঘোষণা করা হয়? [চবি (ঘ ইউনিট): ০৩-০৪]
ⓚ জেরুজালেম ⓚ তেল আবিব
ⓖ গাজা সিটি ⓖ সিনাই উত্তর: ক

৪৯. স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রকে সর্বপ্রথম স্বীকৃতি দেয় কোন দেশ? [৩১তম বিসিএস /BREB এর সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার : ২৫]
ⓚ সিরিয়া ⓚ তিউনিসিয়া
ⓖ আলজেরিয়া ⓖ নাইজেরিয়া উত্তর: গ

৫০. ওআইসিভুক্ত কোন দেশ ফিলিস্তিনকে স্বীকৃতি দেয়নি? [পররাষ্ট্র মন্ত্রণালয় এর কম্পিউটার অপারেটর : ২৪]
উত্তর : ক্যামেরুন।

৫১. ১৯৯৩ সালে প্যালেস্টাইন সংকট সমাধানের লক্ষ্যে প্যালেস্টাইন ও ইসরায়েলের মধ্যে যে ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয় তার নাম - [খাদ্য অধিদপ্তরে উচ্চমান সহকারী: ২১]
ⓚ ক্যাম্প ডেভিড চুক্তি ⓚ টেম্পল মাউন্ট চুক্তি
ⓖ প্যারেজ চুক্তি ⓖ অসলো চুক্তি উত্তর: ঘ

৫২. নিম্নের কোন তারিখে পিএলও-ইসরায়েল পারস্পরিক স্বীকৃতি দলিলে স্বাক্ষর করে? [১৫তম বিসিএস]
ⓚ ১০ সেপ্টেম্বর, ১৯৯৩
ⓚ ১১ সেপ্টেম্বর, ১৯৯৩
ⓖ ১৩ সেপ্টেম্বর, ১৯৯৩
ⓖ ২০ সেপ্টেম্বর, ১৯৯৩ উত্তর: গ

৫৩. অসলো (Oslo) শান্তি চুক্তি স্বাক্ষরিত হয় কোন সনে? [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ⓚ ১৬১০ সালে ⓚ ১৯৯১ সালে
ⓖ ১৯৯৩ সালে ⓖ ১৯৯৪ সালে উত্তর: গ

Scanned with CamScanner

৫৪. আকাবা কি? [হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর: ২২]
(ক) একটি পাহাড়ের নাম
(খ) একটি নদীর নাম
(গ) একটি উপসাগরের নাম
(ঘ) একটি হ্রদের নাম উত্তর: গ

৫৫. **Palestinian self-rule has been established in?/ ফিলিস্তিন স্বশাসন প্রতিষ্ঠিত হয়েছে-** [IFIC Bank Ltd. Probationary Officer: 96]
(a) Jordan
(b) West Bank & Gaza strip
(c) Sinai Peninsula
(d) Jerusalem Ans. b

৫৬. "ওয়াই রিভার" চুক্তি স্বাক্ষরিত হয়েছিল কত সালে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
(ক) ১৯৯৮ (খ) ১৯৯৯
(গ) ২০০০ (ঘ) ২০০১ উত্তর: ক

৫৭. ফিলিস্তিনের জন্য 'ফ্রিডম ফ্লোটিলা' কোন দেশ কর্তৃক প্রেরিত হয়? [ঢাবি (ক ইউনিট): ১১-১২]
(ক) জাপান (খ) সুইডেন
(গ) ফিনল্যান্ড (ঘ) তুরস্ক উত্তর: ঘ

৫৮. আবু মাজেন কার ডাক নাম? [ঢাবি (এইচ-ইউনিট) : ১৫-১৬]
(ক) ইয়াসির আরাফাত
(খ) বেঞ্জামিন নেতানিয়াহু
(গ) মাহমুদ আব্বাস
(ঘ) ইসমাইল হানিয়া উত্তর: গ

৫৯. 'ইন্তিফাদা' বলতে কি বোঝায়? [জাবি (ইসলামী ইতিহাস): ০৭-০৮]
(ক) যুদ্ধ (খ) শান্তি
(গ) অভ্যুত্থান (ঘ) কূটনীতি উত্তর: গ

৬০. ইন্তিফাদা কি? [ঢাবি (ঘ ইউনিট): ২১-২২]
(ক) ইসরায়েলি দখলদারিত্বের বিরুদ্ধে ফিলিস্তিনি গণজাগরণ
(খ) স্পেনীয় শাসনের বিরুদ্ধে বাস্কদের জাতীয়তাবাদী আন্দোলন
(গ) কলম্বিয়ার কৃষক বিদ্রোহ
(ঘ) কুর্দিস্তানের স্বাধীনতা যুদ্ধ উত্তর: ক

৬১. হামাস কি? [BIWTA'র সহকারী পরিচালক : ১৬]
(ক) একটি বিচ্ছিন্নতাবাদী দল (খ) একটি গেরিলা সংগঠন
(গ) সংগ্রাম নায়ক (ঘ) জনতা নায়ক উত্তর: খ

৬২. ফিলিস্তিনের গাজা ভূখণ্ডে স্বাধীনতাকামী সংগঠনের নাম কি? [জেলা সমবায় অফিসার, (জামালপুর) কম্পিউটার অপারেটর: ১৪]
উত্তর: হামাস (Hamas)।

৬৩. নিচের কোনটি ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন? [খুলনা বিভাগীয় পরিচালক নিয়োগ : ৯৩]
(ক) হিজবুল্লাহ (খ) তালেবান
(গ) হামাস (ঘ) হুতি উত্তর: গ

৬৪. ফিলিস্তিন মুক্তি আন্দোলনের সংগঠন হামাস- এর প্রতিষ্ঠাতা কে? [ঢাবি (বি ইউনিট) : ২৪-২৫]
(ক) ইসমাইল হানিয়া (খ) শেখ আহমদ ইয়াসিন
(গ) খালেদ মেশাল (ঘ) ইয়াহিয়া সিনওয়ার উত্তর: খ

৬৫. 'ফোর্স সেভেনটিন' কোন দেশের গেরিলা সংগঠন? [ঢাবি (ব্যবস্থাপনা বিভাগ): ০৮-০৯]
(ক) লেবানন (খ) সিয়েরালিওন
(গ) ফিলিপাইন (ঘ) প্যালেস্টাইন উত্তর: ঘ

৬৬. ব্ল্যাক সেপ্টেম্বর কি? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়ে অডিটর: ১১]
(ক) গোয়েন্দা সংস্থা (খ) একটি সন্ত্রাসী সংগঠন
(গ) রাজনৈতিক সংগঠন (ঘ) গেরিলা সংস্থা উত্তর: ঘ

৬৭. ব্লু লাইন কোন দেশ দুটিকে পৃথক করেছে? [শাবিপ্রবি (বি ইউনিট) : ১৪-১৫/ যবিপ্রবি (ডি ইউনিট): ১৯-২০]
(ক) লেবানন ও ইসরায়েল
(খ) উত্তর ও দক্ষিণ কোরিয়া
(গ) সিরিয়া ও তুরস্ক
(ঘ) রাশিয়া ও ফিনল্যান্ড উত্তর: ক

৬৮. হিজবুল্লাহ কোন দেশভিত্তিক সংগঠন? [১৮তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল/সমপর্যায়) : ২৪]
(ক) জর্ডান (খ) ফিলিস্তিন
(গ) মিশর (ঘ) লেবানন উত্তর: ঘ

৬৯. কোন মুসলিম দেশ ইসরাইলকে প্রথম স্বীকৃতি প্রদান করে? [বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় ব্যক্তিগত কর্মকর্তা : ২৩]
(ক) বাহরাইন (খ) সংযুক্ত আরব আমিরাত
(গ) তুরস্ক (ঘ) মিশর উত্তর: ঘ

৭০. নিচের কোন দেশের সাথে ইসরায়েলের কূটনৈতিক সম্পর্ক রয়েছে? [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা: ১২]
(ক) জর্ডান (খ) ভারত
(গ) ইরাক (ঘ) ইরান উত্তর: ক,খ

৭১. কোন দেশটি সম্প্রতি ইসরাইলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করেছে? [৪২তম বিসিএস (বিশেষ)]
(ক) সৌদি আরব (খ) সংযুক্ত আরব আমিরাত
(গ) কুয়েত (ঘ) ওমান উত্তর: খ

৭২. লিকুদ পার্টি কোন দেশের রাজনৈতিক দল- [জাবি (ঘ ইউনিট, বাহিরে): ১৮-১৯]
(ক) জাপান (খ) জাম্বিয়া
(গ) আলজেরিয়া (ঘ) ইসরায়েল উত্তর: ঘ

৭৩. পৃথিবীর সবচেয়ে প্রাচীনতম শহর কোনটি? [একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
(ক) জেরিকো (খ) কায়রো
(গ) বাগদাদ (ঘ) এথেন্স উত্তর: ক

৭৪. জেরিকো শহর কোথায় অবস্থিত? [জাবি (এ ইউনিট) : ২৪-২৫]
(ক) লেবানন (খ) সুইজারল্যান্ড
(গ) প্যালেস্টাইন (ঘ) অস্ট্রেলিয়া উত্তর: গ

Scanned with CamScanner

৭৫. ইসরায়েল ও গাজার সাম্প্রতিক সংঘর্ষ শুরু হয় কত তারিখে? [রাষ্ট্রপতির কার্যালয় সহকারী প্রটোকল অফিসার : ২৪]
ক) ৭ অক্টোবর ২০২৩ খ) ১৫ অক্টোবর ২০২৩
গ) ৭ নভেম্বর ২০২৩ ঘ) ২১ নভেম্বর ২০২৩ উত্তর: ক

৭৬. ইসরায়েলের বিরুদ্ধে পরিচালিত হামাসের সাম্প্রতিক অভিযানের নাম - [ঢাবি (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২৪-২৫]
ক) অপারেশন আল আকসা ফ্লাড
খ) অপারেশন আয়রন সোর্ড
গ) অপারেশন রেড ডাউন
ঘ) অপারেশন রেথ অফ গড উত্তর: ক

৭৭. রাফাহ ক্রসিং কোন দুইটি দেশের সীমান্তে অবস্থিত? [রাবি C ইউনিট (অ-বিজ্ঞান) : ২৪]
ক) ভারত-পাকিস্তান
খ) পাকিস্তান- আফগানিস্তান
গ) মিশর- ফিলিস্তিন
ঘ) ইসরাইল-ফিলিস্তিন উত্তর: গ

৭৮. 'রাফা' সীমান্ত কোন যুদ্ধের সঙ্গে সম্পর্কিত? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২৩-২৪]
ক) রাশিয়া - ইউক্রেন খ) ইসরায়েল - ফিলিস্তিন
গ) চীন - তাইওয়ান ঘ) ইসরায়েল - ইরান উত্তর: খ

৭৯. গাজা উপত্যকার দৈর্ঘ্য কত? [কুবি (সি-ইউনিট) : ২৪-২৫]
ক) ৩৯ কি.মি. খ) ৪১ কি.মি.
গ) ৫১ কি.মি. ঘ) ৫৪ কি.মি. উত্তর: খ

## পারস্য উপসাগরীয় সংঘাত (Persian Gulf conflicts)

**ইরাক-ইরান যুদ্ধ (১৯৮০ - ৮৮ খ্রি.):** শাত ইল- আরব জলপথ নিয়ে ইরাক এবং ইরানের মধ্যে বিবাদ ছিল। ৬ মার্চ, ১৯৭৫ শাত-ইল-আরবসহ বিরোধপূর্ণ সকল দ্বিপক্ষীয় সীমান্ত বিরোধ নিরসনকল্পে ইরাক-ইরানের মধ্যে ঐতিহাসিক আলজিয়ার্স চুক্তি স্বাক্ষরিত হয়। ১৯৮০ সালে ইরাকি সেনাবাহিনী অতর্কিতভাবে ইরানি ভূখণ্ড আক্রমণ করে। শুরু হয় ইরাক-ইরান যুদ্ধ। ইরানের বিমান বাহিনীর হামলায় (Operation Scorch Sword) ইরাকের বাগদাদের দক্ষিণ-পূর্বে অবস্থিত পারমাণবিক চুল্লি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। জাতিসংঘের মধ্যস্থতায় ১৯৮৮ সালে যুদ্ধবিরতির মাধ্যমে এ যুদ্ধের অবসান হয়।

**প্রথম উপসাগরীয় যুদ্ধ:** ১৯৯০ সালে ইরাকি বাহিনী কুয়েত হামলা করে এবং মাত্র ২ দিনের মধ্যে দেশটির সমস্ত অঞ্চলের ওপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করে। এ সময় কুয়েতের আমীর ছিলেন শেখ জাবের আল আহমেদ আল সাবাহ। ১৯৯১ সালে মার্কিন নেতৃত্বাধীন বহুজাতিক বাহিনী 'মরুভূমির ঝড়' (Desert Storm) অভিযানের মাধ্যমে কুয়েত মুক্ত করে। ইরাক জাতিসংঘ নিরাপত্তা পরিষদের সমস্ত প্রস্তাবগুলো মেনে নিয়ে যুদ্ধ-বিরতিতে সম্মত হয়।

**দ্বিতীয় উপসাগরীয় যুদ্ধ:** ইরাকের কাছে গণবিধ্বংসী অস্ত্র রয়েছে এমন অভিযোগে ২০০৩ সালে ইঙ্গ-মার্কিন জোট ইরাকে অভিযান শুরু করে। 'সন্ত্রাস বিরোধী' এ অভিযানের সাংকেতিক নাম ছিল *Operation Iraqi Freedom*। ইঙ্গ-মার্কিন বাহিনীর আক্রমণে ইরাকের প্রেসিডেন্ট সাদ্দাম হোসেনের পতন ঘটে। বাগদাদের 'আবু গারিব' কারাগারে আটক ইরাকি বন্দীদের ওপর মার্কিন সেনাদের নির্মম নির্যাতনের চিত্র প্রকাশ পায় - যা মার্কিনিদের নৈতিক পরাজয়ের প্রতীক হয়ে ওঠে। যুদ্ধক্ষেত্র থেকে সংবাদ সরাসরি প্রচারের জন্য সামরিক ইউনিটের সাথে সাংবাদিকদের যুক্ত করে অভিনব পদ্ধতি 'ইমবেডেড জার্নালিজম' (Embeded Journalism) চালু হয়।

## MCQ Solution

১. শাত-ইল-আরব কোন কোন দেশের সীমানা নির্দেশ করে? [রাবি (আই ইউনিট): ১৪-১৫]
ক) বাহরাইন ও কুয়েত খ) সিরিয়া ও ইরাক
গ) ইরাক ও ইরান ঘ) ইরাক ও তুরস্ক উত্তর: গ

২. শাত-ইল-আরবকে কেন্দ্র করে ইরাক ও ইরানের মধ্যে স্বাক্ষরিত চুক্তির নাম- [১২তম বিসিএস]
ক) দামেস্ক চুক্তি খ) আলজিয়ার্স চুক্তি
গ) কায়রো চুক্তি ঘ) বৈরুত চুক্তি উত্তর: খ

৩. কোন জলপথ নিয়ে ইরান ও ইরাকের মধ্যে বিবাদ রয়েছে? [NIPORT এর হাউজকিপার: ২৩]
ক) পারস্য উপসাগর খ) আরব সাগর
গ) শাত ইল আরব ঘ) ওমান উপসাগর উত্তর: গ

৪. ইরান-ইরাক যুদ্ধ শুরু হয়- [বাংলাদেশ ব্যাংক ব্যাংকার্স রিক্রুটমেন্ট টেস্ট: ৮৮]
ক) ১৯৭৯ সালে খ) ১৯৮১ সালে
গ) ১৯৮২ সালে ঘ) ১৯৮০ সালে উত্তর: ঘ

৫. "অপারেশন স্কোচ সোর্ড" কোন দুটি দেশের যুদ্ধের সাথে সম্পর্কিত? [বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের শিল্পনগরী কর্মকর্তা : ২৩]
ক) ইরান-ইরাক যুদ্ধ খ) ইসরাইল-ফিলিস্তিন যুদ্ধ
গ) চীন-জাপান যুদ্ধ ঘ) রাশিয়া-ইউক্রেন যুদ্ধ উত্তর: ক

৬. কত সালে ইরাক কুয়েত দখল করেছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা): ০৮]
ক) ১৯৮৯ খ) ১৯৯০
গ) ১৯৯১ ঘ) ১৯৯২ উত্তর: খ

৭. শেখ জাবের আল আহমেদ আল সাবাহ কোন দেশের আমীর ছিলেন? [মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]
ক) কুয়েত খ) ওমান
গ) কাতার ঘ) জর্ডান উত্তর: ক

৮. আমেরিকা কবে প্রথম ইরাক আক্রমণ করে? [জাবি (সরকার ও রাজনীতি বিভাগ) : ০৯-১০]
ক) ১৯৮০ খ) ১৯৯০
গ) ১৯৯১ ঘ) ১৯৯২ উত্তর: গ

Scanned with CamScanner

৯. **Operation Desert Storm বলতে কোন যুদ্ধকে বুঝায়?** [প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সহকারী পরিচালক: ০১]
ⓚ ইরান-ইরাক যুদ্ধ
ⓚ ভিয়েতনাম যুদ্ধ
ⓖ ১৯৯১ সালের উপসাগরীয় যুদ্ধ
ⓖ ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধ **উত্তর: গ**

১০. **কোন দেশের বিরুদ্ধে Operation Desert Storm পরিচালিত হয়-** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ⓚ ইরাক ⓚ ফিলিস্তিন
ⓖ আফগানিস্তান ⓖ ইরান **উত্তর: ক**

১১. **'Operation Iraqi Freedom' যুদ্ধ শুরু হয়েছিল কখন থেকে?** [জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার: ০৬]
ⓚ ২০০১ সালের ৫ মার্চ
ⓚ ২০০২ সালের ১০ মার্চ
ⓖ ২০০৩ সালের ২০ মার্চ
ⓖ ২০০৪ সালের ২৫ মার্চ **উত্তর: গ**

১২. **কোন যুদ্ধটি সম্প্রতি ইরাকে অনুষ্ঠিত হয়নি?** [দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা: ০৪]
ⓚ ডেজার্ট শীল্ড ⓚ ইনফাইনাইট জাস্টিস
ⓖ ডেজার্ট স্টর্ম ⓖ ক্রুসেড **উত্তর: ঘ**

১৩. **আবু গারিব বলতে কি বুঝায়?** [২৫তম বিসিএস]
ⓚ একটি যাদুঘর ⓚ একজন বিখ্যাত দার্শনিক
ⓖ একটি জেলখানা ⓖ একজন বৈজ্ঞানিক **উত্তর: গ**

১৪. **'আবু গারিব' কারাগার কোথায়?** [গুপ্ত সংকেত পরিদপ্তর সাইফার অফিসার: ০৫]
ⓚ ইরান ⓚ ইরাক
ⓖ কুয়েত ⓖ লিবিয়া **উত্তর: খ**

১৫. **'এমবেডেড জার্নালিজম' কোন বিষয়ের সঙ্গে যুক্ত?** [জবি (সি৮ ইউনিট) : ১৫-১৬]
ⓚ প্রাকৃতিক দুর্যোগ ⓚ যুদ্ধক্ষেত্র
ⓖ শান্তিরক্ষা ⓖ জলবায়ু **উত্তর: খ**

## আরব বসন্ত (Arab Spring)

২০১০ এর দশকের প্রথমার্ধে আরব বিশ্বের বিভিন্ন দেশে বয়ে যাওয়া গণবিপ্লবের ঝড় 'আরব বসন্ত' নামে পরিচিত। পুলিশের দুর্নীতির বিরুদ্ধে ন্যায় বিচার না পেয়ে ২০১০ সালের ১৭ ডিসেম্বর তিউনিসিয়ার তরুণ সবজি বিক্রেতা মোহাম্মদ বুয়াজিজি প্রকাশ্যে নিজ শরীরে আগুন জ্বেলে আত্মাহুতি দেন। এ ঘটনা থেকে জন্ম আরব বসন্তের। ঐ যুবকের আত্মাহুতির খবর দ্রুত ছড়িয়ে পড়ে সারা দেশে। তিউনিসিয়ার মানুষ শুরু করে আন্দোলন। তীব্র আন্দোলনের মুখে ১৪ জানুয়ারি, ২০১১ পদত্যাগে বাধ্য হন দেশটির প্রেসিডেন্ট জয়নাল আবেদিন বেন আলী। বিদ্রোহের এই আগুন আরব বিশ্বের বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে। মিশর, সিরিয়া, ইয়েমেন, বাহরাইন, লিবিয়াসহ সমগ্র আরব অঞ্চল উত্তাল হয়ে ওঠে।

**মিশর:** তিউনিসিয়ায় বিপ্লবের সফল পরিণতি উজ্জীবিত করে হোসনি মোবারকের স্বৈরশাসনে নিষ্পেষিত মিশরের সাধারণ মানুষকে। কায়রোর তাহরির স্কয়ার পরিণত হয় মুক্তিকামী মানুষের জনসমুদ্রে। প্রচণ্ড গণ আন্দোলনের মুখে ২০১১ সালে প্রেসিডেন্ট হোসনি মুবারক ক্ষমতা ছেড়ে সরে দাঁড়াতে বাধ্য হন। ফলে ৩০ বছরের স্বৈরশাসনের ইতি ঘটে। গণতান্ত্রিক উপায়ে ক্ষমতায় আসে মুসলিম ব্রাদারহুড। কিন্তু এক বছর পর সামরিক বাহিনী ক্ষমতা দখল করে।

**লিবিয়া:** ২০১১ সালে লিবিয়ার শাসক ছিলেন মুয়াম্মার গাদ্দাফি। পশ্চিমা মদদে বেনগাজি, মিসরাতাসহ লিবিয়ার প্রধান শহরগুলোতে গাদ্দাফি বিরোধী ব্যাপক বিক্ষোভ ও সংঘর্ষ শুরু হয়। বিদ্রোহীরা রাজধানী ত্রিপলির কেন্দ্রস্থলে অবস্থিত 'গ্রিন স্কোয়ার' অধিকার করে নেয়। ফলে গাদ্দাফির দীর্ঘ ৪২ বছরের শাসনের অবসান হয়।




**সিরিয়া :** সুন্নি সংখ্যাগরিষ্ঠ সিরিয়া ১৯৭০ সাল থেকে শাসন করছে সংখ্যালঘু আলওয়াইটস গোত্রের (শিয়াদের একটি উপদল) বাশার আল আসাদ এর পরিবার। আরব বসন্তে উজ্জীবিত হয়ে সিরিয়ার গণতন্ত্রপন্থীরা ২০১১ সালে ব্যাপক বিক্ষোভ শুরু করে। বাশার আল আসাদ এর নেতৃত্বাধীন আরব সোশ্যালিস্ট বাথ পার্টির সরকার বিক্ষোভ দমনে রক্তক্ষয়ের পথ বেছে নেয়। বেসামরিক জনগণ ও সেনাবাহিনীর দলত্যাগী সৈন্যরা 'ফ্রি সিরিয়ান আর্মি' নামে বিদ্রোহী যোদ্ধা দল গঠন করে। শুরু হয় গৃহযুদ্ধ। এর মধ্যে আবার উত্থান ঘটে ইসলামি সুন্নি জঙ্গিগোষ্ঠী ISIS (Islamic State in Iraq and Syria) বা সংক্ষেপে IS (Islamic State) এর। সিরিয়া ও ইরাকের বিশাল একটি অঞ্চল দখলে নিয়ে ২০১৪ সালে আলাদা খিলাফত রাষ্ট্র প্রতিষ্ঠার ঘোষণা দেয় আইএস। ২০১৭ সালে খিলাফত রাষ্ট্রটির পতন ঘটে। যুদ্ধের কারণে দামেস্ক (বিশ্বের অন্যতম প্রাচীন শহর), আলেপ্পো, ইদলিব, হামা, হোমস, পালমিরাসহ সিরিয়ার অনেক শহর

Scanned with CamScanner

মৃত্যুপুরীতে পরিণত হয়। ৮ ডিসেম্বর, ২০২৪ হায়াত তাহরির আল-শামের (HTS) নেতৃত্বাধীন বিদ্রোহীদের আক্রমণের মুখে বাশার আল-আসাদ দামেস্ক ছেড়ে পালিয়ে যান এবং রাশিয়ায় আশ্রয় গ্রহণ করেন। HTS এর প্রধান হলেন আবু মোহাম্মদ আল-জোলানি। এর মাধ্যমে আসাদের দীর্ঘ ২৪ বছরের এবং তার পরিবারের ৫৪ বছরের শাসনের অবসান হয়। বিদ্রোহীরা দামেস্কের কুখ্যাত 'সেদনায়া' কারাগারে আটক থাকা বন্দিদের মুক্ত করে দেয়।




ইয়েমেন: ১৯৯০ সালে উত্তর ও দক্ষিণ ইয়েমেন একত্রীকরণের মাধ্যমে ইয়েমেন প্রজাতন্ত্র আত্মপ্রকাশ করে। সেই থেকে ইয়েমেনের ক্ষমতায় ছিলেন প্রেসিডেন্ট আলি আবদুল্লাহ সালেহ। আরব বসন্তের ঢেউ ইয়েমেনে পৌঁছাতে দীর্ঘ সময় নেয়নি। ২০১২ সালে প্রেসিডেন্ট সালেহ তার ডেপুটি আবদারাবুহ মানসুর হাদির কাছে ক্ষমতা হস্তান্তরে বাধ্য হন। প্রেসিডেন্ট হাদিকে আল কায়েদার হামলা, দক্ষিণে বিচ্ছিন্নতাবাদী আন্দোলনসহ অনেকগুলো সংকটের মুখোমুখি হতে হয়। নতুন প্রেসিডেন্টের দুর্বলতার সুযোগে ইয়েমেনের জাইদি শিয়া মুসলিম নেতৃত্বের হুতি বিদ্রোহীরা (আনুষ্ঠানিক নাম 'আনসার আল্লাহ') দেশটির উত্তরের বিস্তীর্ণ এলাকা দখলে নিয়ে সানায় নতুন সরকার প্রতিষ্ঠা করে। হুতিদের সমর্থন দেয় ইরান। অন্যদিকে, হাদিকে পুনরায় ক্ষমতায় অধিষ্ঠিত করতে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাতসহ কয়েকটি সুন্নি আরব দেশ একজোট হয়ে ইয়েমেনে অভিযান শুরু করে। এই জোটকে অস্ত্র এবং গোয়েন্দা তথ্য দিয়ে সমর্থন যোগায় যুক্তরাষ্ট্র, ব্রিটেন এবং ফ্রান্স।

## MCQ Solution

১. **'আরব বসন্ত' বলতে কি বোঝায়?** [৩৪তম বিসিএস]
ⓚ আরবের বিভিন্ন দেশে গণজাগরণ
ⓚ আরব অঞ্চলে বসন্তকাল
ⓖ আরব রাজতন্ত্র
ⓖ আরবিয় মহিলাদের ক্ষমতায়ন
**উত্তর: ক**

২. **কোন দেশ থেকে 'আরব বসন্ত' (Arab Spring) এর সূচনা হয়?** [৪৪তম বিসিএস/ রাবি (A ইউনিট) : ২৪-২৫]
ⓚ মিশর　ⓚ তিউনিসিয়া
ⓖ লিবিয়া　ⓖ সিরিয়া
**উত্তর: খ**

৩. **আরব বসন্তের সূচনা হয়-** [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ ডিসেম্বর ২০১০, তিউনিসিয়া
ⓚ মার্চ ২০১১, মরক্কোয়
ⓖ জানুয়ারি ২০১২, মিশর
ⓖ জুন ২০১২, বাহরাইন
**উত্তর: ক**

৪. **'তাহরির স্কয়ার' কোথায় অবস্থিত?** [৩৪তম বিসিএস]
ⓚ সিউল　ⓚ আম্মান
ⓖ কায়রো　ⓖ তেহরান
**উত্তর: গ**

৫. **ব্রাদারহুড কোন দেশের রাজনৈতিক দল?** [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা: ১২]
ⓚ পাকিস্তান　ⓚ সিরিয়া
ⓖ মিশর　ⓖ ভারত
**উত্তর: গ**

৬. ***Misrata* is a city in-** [BDBL Senior Officer: 11]
ⓐ Algeria　ⓑ Yemen
ⓒ Syria　ⓓ Libya
**Ans. d**

৭. **'বেনগাজি' শহরটি কোথায় অবস্থিত?** [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার: ১৪]
ⓚ তিউনিসিয়া　ⓚ আফগানিস্তান
ⓖ লিবিয়া　ⓖ মিশর
**উত্তর: গ**

৮. **নিম্ন লিখিত কোন স্থানটি গাদ্দাফি-বিরোধী আন্দোলনের জন্য বিখ্যাত?** [ঢাবি (ঘ ইউনিট): ১৭-১৮]
ⓚ ব্লু স্কয়ার　ⓚ রাসেল স্কয়ার
ⓖ গ্রিন স্কয়ার　ⓖ তাহরির স্কয়ার
**উত্তর: গ**

৯. **মুয়াম্মার গাদ্দাফি কত বছর লিবিয়া শাসন করেন?** [ঢাবি (ঘ ইউনিট): ১১-১২]
ⓚ ৪৫　ⓚ ২৬
ⓖ ৩৪　ⓖ ৪২
**উত্তর: ঘ**

১০. **The Iraqi militant group, ISIS stands for-** [Pubali Bank Ltd. Junior Officer/Officer (Cash): 14]
ⓐ Islamic State in Iraq and Syria
ⓑ Islamic Struggle for Islamic State
ⓒ International Struggle for Islamic State
ⓓ International Struggle for Islamic Salvation
**Ans. a**

১১. **ISIS কোন দেশের সন্ত্রাসী সংগঠন?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)-এর সহকারী পরিচালক: ১৭]
ⓚ সিরিয়া　ⓚ ইরাক
ⓖ ইরাক ও সিরিয়া　ⓖ আন্তর্জাতিক
**উত্তর: গ**

Scanned with CamScanner

১২. **The world's oldest known city is-/ বিশ্বের প্রাচীনতম শহর-** [Janata Bank Ltd Executive Officer: 12]
ⓐ Cairo ⓑ Venice
ⓒ London ⓓ Damascus **Ans. d**

১৩. **আলেপ্পো শহরটি কোথায় অবস্থিত?** [৪৬তম বিসিএস/ ৩৬তম বিসিএস]
ⓚ মিশর ⓚ ইরান
ⓖ ইরাক ⓖ সিরিয়া **উত্তর: ঘ**

১৪. **ইদলিব কোন দেশের শহর?** [সমাজসেবা অধিদপ্তর ফিল্ড সুপারভাইজার: ১৮]
ⓚ রাশিয়া ⓚ সিরিয়া
ⓖ ইরান ⓖ তুরস্ক **উত্তর: খ**

১৫. **সিরিয়ার প্রেসিডেন্ট বাশার আল আসাদের ক্ষমতাচ্যুতিতে নেতৃত্বদানকারী বিদ্রোহী সংগঠন নাম -** [ঢাবি (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২৪-২৫]
ⓚ হায়াত তাহরির আল-শাম
ⓚ ইসলামিক স্টেট অফ ইরাক এন্ড সিরিয়া
ⓖ ইখওয়ান আল মুসলিমুন ফ্রি সিরিয়া
ⓖ তাহরির হায়াত আল-শাম **উত্তর: ক**

১৬. **দুই ইয়েমেন কত সালে একত্রিত হয়?** [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার: ০৬]
ⓚ ১৯৮৫ ⓚ ১৯৯০
ⓖ ১৯৯২ ⓖ ১৯৯৫ **উত্তর: খ**

১৭. **হুথি কোন দেশের বিদ্রোহী গ্রুপ?** [সুপ্রীম কোর্ট এর অফিস সহকারী: ২৪]
ⓚ ইয়েমেন ⓚ সোমালিয়া
ⓖ নাইজেরিয়া ⓖ লিবিয়া **উত্তর: ক**

১৮. **হুতি মুভমেন্ট প্রথম কখন শুরু হয়?** [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক : ২৪]
ⓚ ১৯৯০ সালে উত্তর ইয়েমেন থেকে
ⓚ ১৯৯৯ সালে দক্ষিণ ইয়েমেন থেকে
ⓖ ১৯৯০ সালে ইরাক থেকে
ⓖ ১৯৮৮ সালে উত্তর ইয়েমেন থেকে **উত্তর: ক**

১৯. **ইয়েমেনের হুথি আন্দোলনের আনুষ্ঠানিক নাম-** [ঢাবি (ঘ ইউনিট):১৮-১৯]
ⓚ আনসার আল্লাহ ⓚ জুন্দ আনসার আল্লাহ
ⓖ হিজবুল্লাহ ⓖ বারিক আল্লাহ **উত্তর: ক**

## ইরান-ইসরায়েল সংঘাত

ইরানের নাতানজ পারমাণবিক প্লান্টকে পারমাণবিক অস্ত্র তৈরির উপযোগী সমৃদ্ধ ইউরেনিয়াম প্রস্তুতির জন্য প্রথম সন্দেহ করে পশ্চিমা বিশ্ব। ইরানের সাথে পরাশক্তিগুলোর উত্তেজনা দেখা দেয়। উত্তেজনা নিরসনে ২০১৫ সালে অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় ইরান এবং জাতিসংঘের নিরাপত্তা পরিষদের ৫টি স্থায়ী সদস্য (যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ফ্রান্স, চীন), জার্মানি এবং ইউরোপীয় ইউনিয়ন এর মধ্যে 'Joint Comprehensive Plan of Action' (JCPOA) নামক পারমাণবিক চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির পর ইউরেনিয়াম সমৃদ্ধকরণ প্রক্রিয়া থেকে সরে আসে ইরান। কিন্তু ২০১৮ সালে আকস্মিকভাবে চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে নেয় যুক্তরাষ্ট্র। ২০২৫ সালে ইরান-যুক্তরাষ্ট্র পরমাণু চুক্তি বিষয়ে নতুন করে আলোচনা শুরু হয়। ওমানের মধ্যস্থতায় ৫ম দফা বৈঠকের পরও দেশ দুটি কার্যকর সমাধানে পৌঁছাতে ব্যর্থ হয়। ওয়াশিংটনের পক্ষ থেকে দাবি করা হয়, ইরানকে ৬০ শতাংশ ইউরেনিয়াম সমৃদ্ধকরণ পুরোপুরি বন্ধ করতে হবে। পাশাপাশি ক্ষেপণাস্ত্র কর্মসূচিও সীমিত রাখতে হবে। তেহরান এই দাবিকে 'অতিরিক্ত ও অন্যায্য' আখ্যা দিয়ে তা প্রত্যাখ্যান করে। ১৩ জুন, ২০২৫ গোপন সামরিক পারমাণবিক কর্মসূচি পরিচালনার ভিত্তিহীন অভিযোগ তুলে ইরানে সামরিক ও আবাসিক স্থাপনায় হামলা (সাংকেতিক নাম : *Operation Rising Lion*) চালায় ইসরায়েল। জবাবে ইসরায়েলের তেল আবিব, হাইফা, বীরশেভায় পাল্টা ক্ষেপণাস্ত্র হামলা (*'Operation True Promise III'*) চালায় ইরান। ২১ জুন, ২০২৫ যুক্তরাষ্ট্র *'Operation Midnight Hammer'* নামে ইরানের প্রধান ৩টি পারমাণবিক স্থাপনায় (ফোরদো, নাতাঞ্জ ও ইস্পাহানে) হামলা চালিয়ে সরাসরি যুদ্ধে জড়িয়ে পড়ে। মাটির প্রায় ৩০০ ফুট গভীরে অবস্থিত ইরানের ফোরদো পারমাণবিক কেন্দ্র ধ্বংস করতে স্টেলথ বোমারু বিমান B-2 Spirit থেকে ৩০ হাজার পাউন্ড ওজনের 'বাঙ্কার বাস্টার' (জিবিইউ ৫৭) বোমা নিক্ষেপ করে যুক্তরাষ্ট্র। জবাবে মধ্যপ্রাচ্যের সবচেয়ে বড় মার্কিন বিমানঘাঁটি কাতারের 'আল উদেইদে' ক্ষেপণাস্ত্র হামলা তেহরান। ইরাকে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটি তাজি, ইমাম আলি ও 'আই আসাদ' লক্ষ্য করে ড্রোন হামলা চালায় ইরান। যুদ্ধের দ্বাদশ দিনে (২৪ জুন) মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় ইসরায়েল ও ইরান যুদ্ধবিরতি কার্যকর হয়।




### MCQ Solution

১. **ইরানের কোন পারমাণবিক প্লান্টকে প্রথম পারমাণবিক অস্ত্র উপযোগী Highly Enriched Uranium প্রস্তুতির জন্য সন্দেহ করা হয়?** [ঢাবি (ঘ ইউনিট): ০৫-০৬]
ⓚ নাতাঞ্জ পারমাণবিক প্লান্ট ⓚ ইস্ফাহান পারমাণবিক প্লান্ট
ⓖ আরাক পারমাণবিক প্লান্ট
ⓖ বুশেহর পারমাণবিক প্লান্ট **উত্তর: ক**

Scanned with CamScanner

২. ইরানের সঙ্গে পারমাণবিক চুক্তি যা 'Joint comprehensive Plan of Action' নামে পরিচিত তা সই হয়- [৩৭তম বিসিএস]
ⓚ ২ এপ্রিল, ২০১৫ ⓚ ২৪ সেপ্টেম্বর, ২০১৪
ⓖ ১৪ জুলাই, ২০১৫ ⓖ ১০ ডিসেম্বর, ২০১৩ উত্তর: গ

৩. ইরান পরমাণু চুক্তি স্বাক্ষর করেছে কোন পক্ষের সঙ্গে? [ঢাবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ক) পি৫ + ১ খ) পি৫ + ২
গ) পি৫ + ৩ ঘ) পি৫ উত্তর: ক

৪. Which one of the following countries is a member of the group 'P5+1'? [IBBL Probationary Officer: 17]
ⓐ Australia ⓑ Switzerland
ⓒ Germany ⓓ Japan Ans. c

৫. বিশ্বের প্রথম গোয়েন্দা জাহাজের নাম হলো - [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এর প্রভাষক, প্রদর্শক এবং জুনিয়র শিক্ষক : ২৫]
ক) জারগোস খ) জাওয়ার
গ) জাগরোস ঘ) লাগোল উত্তর: গ
ব্যাখ্যা : ইরানে নির্মিত অত্যাধুনিক জাহাজ জাগরোস ইলেকট্রনিক সেন্সর, ইন্টারসেপ্টর এবং সাইবার ও গোয়েন্দা প্রযুক্তিতে সজ্জিত।

৬. ইরান ও ইসরায়েল এর মধ্যে চলমান যুদ্ধ শুরু হয় কবে? [BCIC এর সহকারী প্রশাসনিক কর্মকর্তা : ২৫]
ক) ১৩ জুন ২০২৫ খ) ১৪ জুন ২০২৫
গ) ১৫ জুন ২০২৫ ঘ) ১৬ জুন ২০২৫ উত্তর: ক

৭. 'আবাদান' নামক স্থানটি কোন দেশে অবস্থিত? [স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর অফিস সহকারী : ২৫]
উত্তর : ইরান।

## সুদান বিভক্তি

৯ জুলাই, ২০১১ সুদান থেকে পৃথক হয়ে বিশ্বের নবীনতম (১৯৩ তম) স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে দক্ষিণ সুদান। সুদান ও দক্ষিণ সুদানের সীমান্তবর্তী বিরোধপূর্ণ অঞ্চল অ্যাবেই।

### MCQ Solution

১. বর্তমান বিশ্বে স্বাধীন দেশের সংখ্যা কত? [জবি (ঘ ইউনিট): ১১-১২]
ক) ১৯২ টি খ) ১৯৩ টি
গ) ১৯৪ টি ঘ) ১৯৫ টি উত্তর: ঘ

২. When did South Sudan become the newest independent state in the world?/ বিশ্বের নবীনতম স্বাধীন রাষ্ট্র দক্ষিণ সুদানের জন্ম হয় কবে? [Probashi Kallyan Bank Ltd. Senior Officer (Cash): 14]
ⓐ March 30, 2011 ⓑ April 30, 2011
ⓒ May 04, 2011 ⓓ June 04, 2011
ⓔ July 09, 2011 Ans. e

## ইনোসিস




সাইপ্রাস নিয়ে গ্রিস ও তুরস্ক মধ্যে বিবাদ রয়েছে। সাইপ্রাসকে গ্রিসের সঙ্গে যুক্তকরণের আন্দোলনের নাম ইনোসিস (Enosis)। গ্রিসের সমর্থনপুষ্ট সামরিক জান্তা সাইপ্রাসের ক্ষমতায় বসলে তুরস্ক ১৯৭৪ সালে সাইপ্রাসে সামরিক আগ্রাসন চালায়।

### MCQ Solution

১. ইনোসিস কি? [রাবি (ইসলামী ইতিহাস) : ০৭-০৮]
ক) বিভক্ত জার্মানির একত্রীকরণ
খ) সাইপ্রাসকে গ্রিসের সঙ্গে যুক্তকরণের আন্দোলন
গ) ইতালির ঐক্য
ঘ) আরব ঐক্যের ডাক উত্তর: খ

২. সাইপ্রাস কোন দুই দেশের মধ্যে বিবাদের কারণ? [জবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ক) গ্রিস ও তুরস্ক খ) তুরস্ক ও ইরাক
গ) গ্রিস ও ইতালি ঘ) স্পেন ও যুক্তরাজ্য উত্তর: ক

Scanned with CamScanner